নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান
এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক
চাঁদপুর দিগন্ত
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
সোমবার
রেজিঃ নং-চ-৫১৩
১৬ নভেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-১০৪
১ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ
৫ জমাঃ সানি ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা
E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

কচুরিপানার দখলে ধনাগোদা নদী, বন্ধ নৌযান চলাচল

গোলাম নবী খোকন

একসময় বৃহত্তর মতলবের নৌযান চলাচলের প্রধান পথ ছিল ধনাগোদা নদী। ঢাকা, নারায়ণগঞ্জসহ দেশের বিভিন্ন অঞ্চলে পণ্য পরিবহনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখত নদীটি। অথচ সময়ের ব্যবধানে সেই নদী এখন কচুরিপানার দখলে।

মতলব উত্তরে কালীপুর থেকে অন্তত ১০ কিলোমিটার এলাকাজুড়ে জমেছে কচুরিপানার স্তূপ। বন্ধ হয়ে গেছে নৌযান চলাচল ও কয়েকটি লঞ্চঘাট। দুর্ভোগে পড়েছেন স্থানীয় বাসিন্দা, শিক্ষার্থী ও নৌযান শ্রমিকরা। কালীরবাজার লঞ্চ ঘাট থেকে শ্রী রায়েরচর ব্রিজ পর্যন্ত তিন কিলোমিটার এলাকাজুড়ে একেবারেই বন্ধ হয়ে রয়েছে নৌযান চলাচল।


কচুরিপানায় ঢেকে গেছে মতলবের ধনাগোদা নদীর বিস্তীর্ণ এলাকা।

সরেজমিনে দেখা গেছে, শ্রীরায়েরচর ব্রিজ থেকে কালিরবাজার পর্যন্ত প্রায় তিন কিলোমিটার নদীজুড়ে কচুরিপানার ঘন স্তর। মতলব ধনাগোদার খেয়াঘাট, দুর্গাপুর, শ্রীরায়েরচর, বাংলাবাজার, রায়েরকান্দি, কালিরবাজার, নন্দলালপুর, বাইশপুর, গাজীপুর মোড়, সাহেববাজার, লক্ষ্মীপুর, টরকী, মাছুয়াখাল, শাহপুর ও নায়েরগাঁওসহ বিভিন্ন এলাকায় একই চিত্র। আটকে পড়েছে কয়েকটি বালুবাহী বাল্কহেড।

শ্রমিকদের অভিযোগ, প্রায় এক মাস ধরে তারা শ্রীরায়েরচর ব্রিজ এলাকায় আটকে আছেন। নৌযান চলাচল বন্ধ থাকায় নৌযানেই দিন কাটছে তাদের।

নদীর এমন অবস্থায় সবচেয়ে বেশি ভোগান্তিতে পড়েছেন দুই পাড়ের বাসিন্দা ও শিক্ষার্থীরা। দাউদকান্দি অংশ থেকে ধনাগোদা তালতলী স্কুল অ্যান্ড কলেজে আসা শিক্ষার্থীদের নদীপথ ব্যবহার করতে না পেরে প্রায় পাঁচ কিলোমিটার ঘুরে শিক্ষাপ্রতিষ্ঠানে যেতে হচ্ছে।

শিক্ষার্থী রুহান, ফাতেমা ও জান্নাতী আক্তার জানান, নদীতে কচুরিপানা জমে থাকায় তাদের যাতায়াতে চরম সমস্যা হচ্ছে। আগে যে পথে সহজে যাতায়াত করা যেত, এখন সেখানে দীর্ঘ পথ ঘুরতে হচ্ছে। ধনাগোদা তালতলী স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ ● ২-এর পাতায় দেখুন

গোপালগঞ্জে লগিবইঠা, রামদা নিয়ে নিষিদ্ধ আ.লীগের মহড়া

দিগন্ত ডেস্ক

গোপালগঞ্জে কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতা-কর্মীরা লগি-বৈঠা, রামদা ও দেশি অস্ত্র নিয়ে শহরে বিক্ষোভ মিছিল ও মহড়া দিয়েছে। আগামী ১৯ নভেম্বর ডাকা দেশব্যাপী সকাল-সন্ধ্যা লকডাউনের সমর্থনে এই কর্মসূচি পালন করা হয়।

এসময় শহরের জুলাই স্মৃতিস্তম্ভ এবং গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের হাদি চত্বরের নামফলক ভাঙচুর করা হয়। গোপালগঞ্জ সরকারি কলেজের নামফলক মুছে সেখানে 'সরকারি বঙ্গবন্ধু কলেজ' লেখা ব্যানারও টাঙিয়েছেন বিক্ষোভকারীরা। এছাড়া পুলিশের একটি সাঁজোয়া যান (এপিসি) ও পুলিশ বক্স ভাঙচুর করা হয়।

(রোববার, ১৫ নভেম্বর) বেলা ১১টা থেকে বেলা পৌনে ২টা পর্যন্ত শহরের বিভিন্ন সড়কে এসব কর্মসূচি পালন করেন কয়েক হাজার ● ২-এর পাতায় দেখুন


চাঁদপুর জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

চাঁদপুর জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা

সরকারি সম্পত্তি দখল করে কেউ স্থাপনা নির্মাণ করবে, তা হতে দেয়া হবে না

----------শেখ ফরিদ আহম্মেদ মানিক এমপি

স্টাফ রিপোর্টার

চাঁদপুর জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার (১৫ নভেম্বর) সকাল সাড়ে ১০টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

তিনি তার বক্তব্যে বলেন, পৌরসভার বকেয়া বিদ্যুৎ বিল যত দ্রুত সম্ভব পরিশোধ করতে হবে। চাঁদপুরে অবৈধ ইটভাটার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে এবং এসব ইটভাটার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করতে হবে। জেলায় বর্তমানে ৪৬টি বৈধ ইটভাটা থাকলেও ৪৮টি অবৈধ ইটভাটা ইট তৈরির জন্য চুল্লিতে আগুন দেয়ার প্রস্তুতি নিচ্ছে। সরকার অবৈধ ইটভাটা বন্ধের নির্দেশনা দিয়েছে। তাই এ ক্ষেত্রে কোনো ধরনের চোর-পুলিশ খেলা চলতে দেয়া যাবে না। অবৈধ ইটভাটার কার্যক্রম বন্ধে সংশ্লিষ্ট দপ্তরগুলোকে সমন্বিতভাবে কাজ করতে হবে।

শিক্ষা প্রতিষ্ঠানের পরিবেশ সুরক্ষার বিষয়ে তিনি বলেন, কোনো শিক্ষা ● ২-এর পাতায় দেখুন


বিজয়ী ফরিদগঞ্জ উপজেলা ফুটবল দল।

জেলা প্রশাসক গোল্ডকাপ : কচুয়াকে হারিয়ে সেমিফাইনালে ফরিদগঞ্জ

স্টাফ রিপোর্টার

চাঁদপুর স্টেডিয়ামে অনুষ্ঠিত ২২তম জেলা প্রশাসক (ডিসি) গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের তৃতীয় দিনে সহজ জয় তুলে নিয়েছে ফরিদগঞ্জ উপজেলা ক্রীড়া সংস্থা।

রোববার (১৫ নভেম্বর) বিকেলে চাঁদপুর স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে ফরিদগঞ্জ উপজেলা ৩-০ গোলে কচুয়া উপজেলা ক্রীড়া সংস্থাকে পরাজিত করে। এই জয়ে টুর্নামেন্টের সেমিফাইনাল নিশ্চিত করেছে ফরিদগঞ্জ দল।

বিগত টুর্নামেন্টগুলোর পারফরম্যান্স বিবেচনায় ফেভারিট দল নিয়ে মাঠে নামে ফরিদগঞ্জ। জাতীয় দলের সাবেক কৃতি ফুটবলার রেজাউল করিম রেজার নেতৃত্বে দলটি শুরু থেকেই শক্তিশালী ও গোছানো আক্রমণ পরিচালনা করে। প্রথমার্ধে কচুয়া দল সমান তালে লড়াই করে ● ২-এর পাতায় দেখুন



হাজীগঞ্জে অটোরিকশাচালক শাহজাহান হত্যার বিচার চেয়ে শিশু সন্তানসহ এলাকাবাসীর মানববন্ধন।

হাজীগঞ্জে পিতা হত্যার বিচারের দাবিতে মানববন্ধনে শিশু সন্তানসহ এলাকাবাসী

ইউসুফ বেপারী

হাজীগঞ্জে অটোরিকশাচালক বাবা শাহজাহান হত্যার বিচার চেয়ে মানববন্ধনে দাঁড়িয়েছে তাঁর ৮ বছর বয়সী ছেলে সাজ্জাদ। বাবাকে হারিয়ে অবুঝ শিশুটির বিচার চাওয়ার দৃশ্য উপস্থিত মানুষের হৃদয় ছুঁয়ে যায়।

হাজীগঞ্জে শাহজাহান (৩৫) নামে এক অটোরিকশাচালককে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে। এ ঘটনায় জড়িত থাকার অভিযোগে মাসুদ ও তাঁর ছেলে ইসমাইল নামে দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। নিহত শাহজাহান হাজীগঞ্জ পৌরসভার ৯নং ওয়ার্ডের এনায়েতপুর গ্রামের আলী আহম্মদের ছেলে।

গত বৃহস্পতিবার (১২ নভেম্বর) বিকেলে পাশের শাহরাস্তি উপজেলার ধোপল্লা বাজার এলাকায় এ ঘটনা ঘটে। এ ঘটনায় নিহতের ভাই মানিক হোসেন বাদী হয়ে শাহরাস্তি থানায় একটি হত্যা মামলা দায়ের করেছেন।

নিহতের পরিবারের সদস্যদের অভিযোগ, প্রায় এক মাস আগে একটি ফুটবল খেলাকে কেন্দ্র করে এনায়েতপুর ও ধোপল্লা গ্রামের খেলোয়াড়দের মধ্যে বিরোধের সৃষ্টি হয়। ওই বিরোধের জের ● ২-এর পাতায় দেখুন


আটককৃত মাদক ব্যবসায়ী শাহজাহান গাজি।

চাঁদপুরে শীর্ষ মাদক ব্যবসায়ী শাহজাহান গাজি গ্রেফতার

সদর প্রতিনিধি

চাঁদপুর সদর উপজেলার ১০নং লক্ষ্মীপুর মডেল ইউনিয়নের শীর্ষ মাদক ব্যবসায়ী শাহজাহান গাজীকে বিপুল পরিমাণ ইয়াবাসহ গ্রেপ্তার করেছে মডেল থানা পুলিশ। দীর্ঘদিন ধরে এলাকায় মাদক ব্যাবসা পরিচালনা করে আসা শাহজাহান গাজীকে গ্রেপ্তারের খবরে স্বস্তি ● ২-এর পাতায় দেখুন

কচুয়ার বিতারা ইউনিয়নকে বিভক্ত করে হচ্ছে ২টি ইউনিয়ন

কচুয়া প্রতিনিধি

কচুয়া উপজেলার ৩নং বিতারা ইউনিয়নকে বিভক্ত করে '৩নং বিতারা (পশ্চিম) ইউনিয়ন' ও '৩নং বিতারা (পূর্ব) ইউনিয়ন' নামে দুটি পৃথক ইউনিয়ন গঠনের প্রস্তাবে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে স্থানীয় সরকার বিভাগ।

এ বিষয়ে গত ১২ নভেম্বর স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ থেকে একটি চিঠি জারি করা হয়েছে। সিনিয়র সহকারী সচিব আজিজুল ইসলাম স্বাক্ষরিত ওই চিঠিতে জেলা প্রশাসক, চাঁদপুরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হয়।

চিঠিতে বলা হয়, চাঁদপুর জেলার কচুয়া উপজেলার ৩নং বিতারা ইউনিয়নকে বিভক্ত করে '৩নং বিতারা (পশ্চিম) ইউনিয়ন' ও '৩নং বিতারা (পূর্ব) ইউনিয়ন' নামে দুটি পৃথক ইউনিয়ন গঠনের প্রস্তাব করা ● ২-এর পাতায় দেখুন

সারা দেশে ডেঙ্গুতে আরও ৮ জনের মৃত্যু

দিগন্ত ডেস্ক

ডেঙ্গু আক্রান্ত হয়ে সারা দেশে একদিনে আরও ৮ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে নতুন রোগী ভর্তি হয়েছেন ১ হাজার ৯২৯ জন।

রোববার স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুম থেকে পাঠানো ডেঙ্গু বিষয়ক এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রোগীর মধ্যে ঢাকা বিভাগে ৮৩১ জন, ময়মনসিংহ বিভাগে ৯২ জন, চট্টগ্রাম বিভাগে ২৫৭ জন, খুলনা বিভাগে ২৫৯ জন, রাজশাহী বিভাগে ১৮৫ জন, রংপুর বিভাগে ৭৩ জন, বরিশাল বিভাগে ২১৩ জন এবং সিলেট বিভাগে ১৯ জন রয়েছেন। গত ২৪ ঘণ্টায় ● ২-এর পাতায় দেখুন

চার মাসে প্রবাসী আয় ১ হাজার ১৪৬ কোটি ডলার

নিজস্ব প্রতিবেদক

চলতি ২০২৬-২৭ অর্থবছরের প্রথম চার মাসে (জুলাই-অক্টোবর) বৈধ পথে ব্যাংকিং চ্যানেলে প্রবাসীরা দেশে পাঠিয়েছেন ১ হাজার ১৪৬ কোটি ৫৯ লাখ ৪০ হাজার মার্কিন ডলার। এর মধ্যে সবচেয়ে বেশি রেমিট্যান্স এসেছে মধ্যপ্রাচ্যের দেশ সৌদি আরব থেকে। রেমিট্যান্স পাঠানোর শীর্ষ ১০ দেশের তালিকায় ● ২-এর পাতায় দেখুন

নামাজের সময়সূচী
১৬ নভেম্বর ২০২৬
সোমবার

ফজর শুরু	ভোর ৪.৪৬
যোহর শুরু	দুপুর ১১.৪৬
আসর শুরু	বিকেল ৩.৪৮
মাগরিব শুরু	সন্ধ্যা ৫.২৮
এশা শুরু	রাত ৭.৪২

সূত্র: ইসলামিক ফাউন্ডেশন



দুই বিচারকের স্মরণসভায় সভাপতিত্ব করছেন চাঁদপুরের সিনিয়র জেলা ও দায়রা জজ সামছুন্নাহার।

চাঁদপুরে দুই বিচারকের শাহাদাত বার্ষিকীতে স্মরণসভা

শহর প্রতিনিধি

২০০৫ সালের ১৪ নভেম্বর ঝালকাঠিতে জঙ্গি সংগঠন জামাআতুল মুজাহিদীন বাংলাদেশের (জেএমবি) বর্বরোচিত বোমা হামলায় নিহত সিনিয়র সহকারী জজ শহীদ জগন্নাথ পাঁড়ে ও শহীদ সোহেল আহমদের ২১তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে চাঁদপুরে স্মরণসভা ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

রোববার (১৫ নভেম্বর) বিকেল সাড়ে ৪টায় বিচার বিভাগ, চাঁদপুরের আয়োজনে জেলা জজ আদালত ভবনের সম্মেলন কক্ষে এ স্মরণসভা ও দোয়া অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চাঁদপুরের সিনিয়র জেলা ও দায়রা জজ সামছুন্নাহার। এ সময় উপস্থিত ছিলেন চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মুজাহিদুর রহমান, অতিরিক্ত জেলা ও দায়রা জজ ● ২-এর পাতায় দেখুন



মতলব উত্তরে নিখোঁজ মাদ্রাসার তিন ছাত্র।

মতলব উত্তরে মাদ্রাসার তিন ছাত্র নিখোঁজ, উদ্বেগে পরিবার

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর উপজেলার দেওয়ান আব্দুল করিম হাফিজিয়া মাদ্রাসার তিন আবাসিক ছাত্র নিখোঁজ হয়েছে। শুক্রবার (১৩ নভেম্বর) সাপ্তাহিক ছুটিতে বাড়ি যাওয়ার পর থেকে তাদের আর কোনো সন্ধান পাওয়া যাচ্ছে না। এ ঘটনায় নিখোঁজ শিক্ষার্থীদের পরিবার ও মাদ্রাসা কর্তৃপক্ষের মধ্যে চরম উদ্বেগ ও উৎকণ্ঠা বিরাজ করছে।

নিখোঁজ ছাত্ররা হলো– বড় হলদিয়া গ্রামের রেহান উদ্দিনের ছেলে সিফাত (১০), উদ্দমদী গ্রামের মোতালেব বেপারীর ছেলে সাব্বির (১৫) এবং উত্তর সরদারকান্দি গ্রামের কাউছার প্রধানের ● ২-এর পাতায় দেখুন

কর্মদিবসের শুরুতেই রাজধানীতে তীব্র যানজট, রাজনৈতিক কর্মসূচিতে ভোগান্তি

নিজস্ব প্রতিবেদক

সপ্তাহের প্রথম কর্মদিবস রোববার (১৫ নভেম্বর) সকাল থেকেই রাজধানীর বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কে তীব্র যানজটের সৃষ্টি হয়েছে। অফিসগামী মানুষের ব্যস্ততা, সাফ ফুটবল টুর্নামেন্ট ঘিরে জাতীয় স্টেডিয়াম এলাকায় বাড়তি চাপ এবং জিয়া উদ্যানে রাজনৈতিক কর্মসূচিকে কেন্দ্র করে সড়কে যানবাহনের ধীরগতির কারণে চরম ভোগান্তিতে পড়েছেন নগরবাসী। সকাল থেকেই পল্টন, গুলিস্তান, স্টেডিয়াম এলাকা, বিজয় সরণি, ফার্মগেট ও কারওয়ান বাজারসহ বিভিন্ন সড়কে যানবাহনের দীর্ঘ সারি দেখা গেছে। সরেজমিনে দেখা যায়, পল্টন মোড়, গুলিস্তান ও ● ২-এর পাতায় দেখুন



প্রধানমন্ত্রীর হাত থেকে পুরস্কার গ্রহণ করছেন চাঁবিপ্রবি ছাত্রদলের সভাপতি রাকিবুল কবির নিহাল ও সাধারণ সম্পাদক মো. ইফতিখারুল আলম বসুনীয়ার সমন্বয়ে গঠিত দল।

ফরিদগঞ্জে নিষিদ্ধ ছাত্রলীগ নেতাসহ গ্রেফতার চার

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে পুলিশের পৃথক অভিযানে কার্যক্রম নিষিদ্ধ উপজেলা ছাত্রলীগের সাবেক যুগ্ম আহ্বায়ক, ইয়াবাসহ দুই যুবক এবং জিআর মামলার এক পরোয়ানাভুক্ত আসামিকে গ্রেপ্তার করা হয়েছে।

রোববার (১৫ নভেম্বর ২০২৬) ফরিদগঞ্জ থানা পুলিশের পৃথক অভিযানে তাদের গ্রেপ্তার করা হয়।

পুলিশ সূত্রে জানা যায়, থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ এরশাদ উল্লাহর সার্বিক দিকনির্দেশনায় পুলিশের বিভিন্ন দল উপজেলার বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে।

অভিযানে গ্রেপ্তার হওয়া নিষিদ্ধ ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে তিন প্রতিষ্ঠানকে জরিমানা

শহর প্রতিনিধি

মেয়াদোত্তীর্ণ পণ্য সংরক্ষণ, ডায়াগনস্টিক পরীক্ষায় অতিরিক্ত অর্থ আদায় এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাবার তৈরির অভিযোগে চাঁদপুরে তিনটি প্রতিষ্ঠানকে মোট ১৫ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

রবিবার (১৫ নভেম্বর) দুপুরে চাঁদপুর শহরের আদালত পাড়া রোড ও শহীদ মুক্তিযোদ্ধা সড়ক এলাকায় এ অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার ● ২-এর পাতায় দেখুন

প্রধানমন্ত্রীর হাত থেকে পুরস্কার গ্রহণ করেন চাঁবিপ্রবি ছাত্রদলের সভাপতি-সাধারণ সম্পাদকের দল

স্টাফ রিপোর্টার

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) আয়োজিত 'নির্বাচনী ইশতেহার ২০২৬: প্রতিশ্রুতি থেকে বাস্তবায়ন' শীর্ষক জাতীয় কর্মশালার দলগত কার্যক্রমে তৃতীয় স্থান অর্জন করেছে চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চাঁবিপ্রবি) শাখা ছাত্রদলের সভাপতি রাকিবুল কবির নিহাল ও সাধারণ সম্পাদক মো. ইফতিখারুল আলম বসুনীয়ার সমন্বয়ে গঠিত দল। প্রতিযোগিতায় কৃতিত্বপূর্ণ সাফল্যের স্বীকৃতিস্বরূপ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী তারেক রহমান এমপির হাত থেকে পুরস্কার গ্রহণ করেন তাঁরা।

রোববার (১৫ নভেম্বর) রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারম্যানের কার্যালয়ে দিনব্যাপী এ জাতীয় কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী তারেক রহমান এমপি। এতে সভাপতিত্ব করেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা রুহুল কবির রিজভী।

কর্মশালায় আরও উপস্থিত ছিলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা নজরুল ইসলাম খান, স্থায়ী কমিটির সদস্য ও জনপ্রশাসন মন্ত্রণালয়বিষয়ক প্রধানমন্ত্রীর উপদেষ্টা ইসমাইল রবিউল্লাহ, জাতীয় সংসদের হুইপ ও বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির ছাত্রবিষয়ক সম্পাদক রকিবুল ইসলাম এমপি, প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র ড. মাহদী আমিন, প্রধানমন্ত্রীর পলিসি ও স্ট্র্যাটেজিবিষয়ক উপদেষ্টা জাহেদ উর রহমান এবং প্রধানমন্ত্রীর স্বাস্থ্যবিষয়ক বিশেষ সহকারী ড. জিয়াউদ্দিন হায়দার।

এছাড়া বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছিরসহ ছাত্রদলের বিভিন্ন মহানগর ও বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি/আহ্বায়ক এবং সাধারণ সম্পাদক/সদস্য সচিবরা কর্মশালায় ● ২-এর পাতায় দেখুন

স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

বিশ্ববিদ্যালয় ভর্তির
সবচেয়ে সেরা ভর্তি কোচিং
ভর্তি চলছে
৮,০০০ টাকা ছাড়ে!
ইউনিএইড চাঁদপুর
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।
বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুরে কোচিং করে ১৫১ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহ ৫৪০ এর অধিক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।
বিস্তারিত জানতে : Uniaid Chandpur এর ফেসবুক | 01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।
ইউনিএইড চাঁদপুর
ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে।

বিসমিল্লাহির রাহমানির রাহিম
হিলশা ইলেকট্রনিক্স
WALTON KONKA GREE
01623-392568, 01818-734125, 01633-153049
শো-রুম ১: ওয়্যারলেছ বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর। | শো-রুম ২: স্টেশন বাজার, বাগাদী, চাঁদপুর সদর, চাঁদপুর।

মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক
চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
সোমবার ১৬ নভেম্বর ২০২৬, ১ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ, ৫ জমাঃ সানি ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শ্বে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300

ভারতের চাওয়া অনুযায়ী হাসিনার পুনর্বিচারের সুযোগ নেই : চিফ প্রসিকিউটর

দিগন্ত ডেস্ক

জুলাই গণহত্যার দায়ে হাসিনার যে মৃত্যুদণ্ডের রায় হয়েছে, সেটির পুনর্বিচারে ভারতের যে চাওয়া, তার আইনগত সুযোগ নেই বলে জানিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। তিনি বলেন, ভারতের এমন উদ্ভট দাবিকে আমরা প্রত্যাখ্যান করছি।

রোববার ট্রাইব্যুনাল প্রাঙ্গণে প্রেস ব্রিফিংয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি।

সাংবাদিক প্রশ্ন করেন, 'বিদেশি গণমাধ্যম টেলিগ্রাফের প্রতিবেদনে বলা হয়েছে, ভারত চায়, হাসিনার যে বিচার হয়েছে সেটির পুনর্বিচারের সুযোগ দেওয়া হোক। আপিলের সুযোগ দেওয়া হোক।' এর পরিপ্রেক্ষিতে চিফ প্রসিকিউটর এসব কথা বলেন।

চিফ প্রসিকিউটর আমিনুল বলেন, কোনো দেশ চায় আমাদের দেশে হাসিনার যে ট্রায়াল হয়ে গেছে, আবার আরেকটা ট্রায়াল। এটাকে

● ৩-এর পাতায় দেখুন



এইচএসসিতে চাঁদপুর সরকারি কলেজের জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান অনুষ্ঠানে বক্তব্য রাখছেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

চাঁদপুর সরকারি কলেজের এইচএসসিতে জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা

স্টাফ রিপোর্টার

চাঁদপুর সরকারি কলেজের এইচএসসি পরীক্ষা ২০২৬-এ জিপিএ-৫ প্রাপ্ত ৩৯ শিক্ষার্থীকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। রোববার (১৫ নভেম্বর) সকাল ৯টায় কলেজ মাঠে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, শিক্ষার্থীরাই আগামী দিনের দেশ ও জাতির ভবিষ্যৎ। আজ যারা জিপিএ-৫ অর্জন করেছ, এটি তোমাদের পরিশ্রম, অধ্যবসায় ও মেধার স্বীকৃতি। তবে এই সাফল্যই জীবনের শেষ অর্জন নয়, বরং সামনে এগিয়ে যাওয়ার একটি নতুন ধাপ। উচ্চশিক্ষা গ্রহণের পাশাপাশি নিজেদের সৎ, যোগ্য,

● ৩-এর পাতায় দেখুন

কচুয়ায় বসতঘরে হামলা-মারধর-স্বর্ণালংকার লুটের অভিযোগ

কচুয়া প্রতিনিধি

কচুয়ায় জমি সংক্রান্ত বিরোধের জেরে বসতবাড়িতে হামলা, মারধর, স্বর্ণালংকার ও নগদ টাকা লুটের অভিযোগ উঠেছে। এ ঘটনায় বাবা, মা ও তিন সন্তানসহ পরিবারের সদস্যদের গুরুতর আহত করার অভিযোগে ৮ জনকে আসামি করে কচুয়া আমলী আদালতে সি.আর মামলা দায়ের করেছেন ভুক্তভোগী মীর হোসেন। গত ১০ নভেম্বর তিনি মামলাটি দায়ের করেন।

মামলার এজাহার সূত্রে জানা যায়, গত ৯ নভেম্বর সোমবার বিকেল ৩টা টায় কচুয়া উপজেলার কড়ইয়া গ্রামের বাদী মীর হোসেনের বসতবাড়ির প্রবেশমুখে মেইন সড়কের পূর্ব পাশে খলিলুর রহমানের বাড়িতে এ হামলার ঘটনা ঘটে।

মামলার আসামীরা হলেন, মো. জাকির হোসেন (৫৩), মো. হারুনুর রশিদ মিলন (৫৬), মো. সুলতান হোসেন কিরণ (৫৫), নূর আলম (২৩), মোছা. রুজিনা (৩০),

● ৩-এর পাতায় দেখুন



হাজীগঞ্জে পুলিশ-জনতার ওপেন হাউজ ডে ও মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন অতিরিক্ত পুলিশ সুপার (হাজীগঞ্জ-ফরিদগঞ্জ সার্কেল) মুকুর কুমার চাকমা।

হাজীগঞ্জে পুলিশ-জনতার ওপেন হাউজ ডে

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন, মাদক ও সামাজিক অপরাধ প্রতিরোধ এবং পুলিশ-জনগণের মধ্যে পারস্পরিক সম্পর্ক জোরদারের লক্ষ্যে ওপেন হাউজ ডে ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার (১৫ নভেম্বর) হাজীগঞ্জ থানা পুলিশের আয়োজনে থানা কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। হাজীগঞ্জ থানার উপ-পরিদর্শক শামসুল ইসলামের সঞ্চালনায় ও অফিসার ইনচার্জ মো. কাওসার আলম ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (হাজীগঞ্জ-ফরিদগঞ্জ সার্কেল) মুকুর কুমার চাকমা। সভায় উপজেলার বিভিন্ন ইউনিয়নের জনপ্রতিনিধি, রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ এবং বিভিন্ন শ্রেণি-পেশার সাধারণ মানুষ অংশ নেন।

● ৩-এর পাতায় দেখুন

দেশের সব স্কুলে ভর্তি পরীক্ষা বাতিল চাওয়া রিট খারিজ

নিজস্ব প্রতিবেদক

২০২৭ সালে দেশের সব স্কুলে ভর্তি পরীক্ষা বাতিল চেয়ে করা রিট আবেদনটি খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। রবিবার (১৫ নভেম্বর) বিচারপতি শিকদার মাহমুদুর রাজী ও বিচারপতি ফাতেমা আনোয়ারের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন।

আদালতে রিটের পক্ষে ছিলেন আইনজীবী জাহিদ তালুকদার। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল নূর মুহাম্মদ আজমী।

২০২৭ সালের শিক্ষাবর্ষে দেশের সব স্কুলে ভর্তি পরীক্ষা বাতিল চেয়ে গত ৭ অক্টোবর রিট দায়ের করেন মুভমেন্ট ফর হিউম্যান রাইটস অ্যান্ড গুড গভর্নেন্স ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক মিনহাজ উদ্দিন আহমেদ। রিটে শিক্ষা মন্ত্রণালয় সচিব, প্রাথমিক ও গণশিক্ষা সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি)

● ৩-এর পাতায় দেখুন



গ্লোবাল সোর্সিং এক্সপো ২০২৬ ঢাকা-তে 'ডি জি আই এক্স' এবং বিশ্বমানের ইলেকট্রনিক্স ম্যানুফ্যাকচারিং সক্ষমতা তুলে ধরছে ড্যাফোডিল

দিগন্ত ডেস্ক

রাজধানীর পূর্বাচলে বাংলাদেশ-চীন মৈত্রী প্রদর্শনী কেন্দ্রে (বিসিএফইসি) ১৫ নভেম্বর শুরু হওয়া 'গ্লোবাল সোর্সিং এক্সপো ২০২৬ ঢাকা'-এর দ্বিতীয় আসরে দেশের যাচাইকৃত সফটওয়্যার রপ্তানি ও আধুনিক ইলেকট্রনিক্স ম্যানুফ্যাকচারিং সক্ষমতা তুলে ধরেছে ড্যাফোডিল। রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) ও বাণিজ্য মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে আয়োজিত তিন দিনব্যাপী এ আন্তর্জাতিক প্রদর্শনীতে ড্যাফোডিল গ্লোবাল ইনোভেশন এক্সচেঞ্জ (ডি জি আই এক্স) এবং ড্যাফোডিল কম্পিউটার্স পিএলসি (ডিসিএল)-এর প্রযুক্তিগত উদ্ভাবন ও উৎপাদন সক্ষমতা আন্তর্জাতিক ক্রেতা ও সোর্সিং প্রতিনিধিদের সামনে উপস্থাপন করা হয়। ১৭ নভেম্বর পর্যন্ত চলমান এ আয়োজনে ১২টি রপ্তানি খাতের ১৬১টি প্রতিষ্ঠান এবং

● ৩-এর পাতায় দেখুন

এইচএসসির সাপ্লিমেন্টারি পরীক্ষার ফরম পূরণের সময় বাড়লো ৩ দিন

দিগন্ত ডেস্ক

এইচএসসি ও সমমানের সাপ্লিমেন্টারি পরীক্ষার ফরম পূরণের সময় ১৮ নভেম্বর পর্যন্ত তিন দিন বাড়ানো হয়েছে।

রোববার আন্তঃশিক্ষা বোর্ডের এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।

নতুন সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ১৬ নভেম্বর থেকে ১৮ নভেম্বর পর্যন্ত এই পরীক্ষার ফরম পূরণ করতে পারবেন শিক্ষার্থীরা। আর সোনালী সেবার মাধ্যমে ১৯ নভেম্বর পর্যন্ত ফি জমা দেয়া যাবে।

আন্তঃশিক্ষা বোর্ডের সদস্য ও ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক জেসমিন তাসলিমা বানু জানান, শিক্ষাপ্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের আবেদনের পরিপ্রেক্ষিতে এই সাপ্লিমেন্টারি পরীক্ষার ফরম পূরণের সময়

● ৩-এর পাতায় দেখুন



মতলব উত্তর সুজাতপুর বাজারে ফিতা কেটে 'লেডিস প্যারাডাইস' দোকানটির শুভ উদ্বোধন করছেন স্থানীয় ব্যবসায়ী ও গণ্যমান্য ব্যক্তিবর্গ।

মতলব উত্তর সুজাতপুর বাজারে উদ্বোধন হলো 'লেডিস প্যারাডাইস'

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর উপজেলার সুজাতপুর বাজারের বিসমিল্লাহ সুপার মার্কেটে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করেছে নারীদের পছন্দের নতুন শপিং প্রতিষ্ঠান 'লেডিস প্যারাডাইস'। শনিবার (১৫ নভেম্বর) বিকেলে মিলাদ ও দোয়া মাহফিল শেষে ফিতা কেটে দোকানটির উদ্বোধন করেন স্থানীয় ব্যবসায়ী ও গণ্যমান্য ব্যক্তিবর্গ। প্রতিষ্ঠানটিতে নারীদের বিভিন্ন ধরনের কসমেটিকস, হ্যান্ডব্যাগ, স্কুল ব্যাগসহ নিত্যপ্রয়োজনীয়

● ৩-এর পাতায় দেখুন

ভারতের ভিসা ব্যবস্থায় বড় পরিবর্তন

আন্তর্জাতিক ডেস্ক

ভারতের ভিসা ব্যবস্থায় বড় ধরনের পরিবর্তন এনেছে দেশটির সরকার। ভিসার প্রধান ক্যাটাগরি ১৩টি থেকে কমিয়ে ৯টি এবং উপক্যাটাগরি ৪৯টি থেকে ২৩টি করা হয়েছে।

একই সঙ্গে ভিসার আবেদনপত্রে প্রয়োজনীয় তথ্যের ঘর ৬৫ থেকে ৭০ শতাংশ পর্যন্ত কমানো হয়েছে। এতে বিদেশি নাগরিকদের জন্য ভারতে ভ্রমণ, চিকিৎসা, পড়াশোনা ও ব্যবসার প্রক্রিয়া সহজ হবে বলে জানিয়েছে দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয়। বুধবার (১১ নভেম্বর) ভারতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। এর আগে গত ২৭ আগস্ট ভিসা ব্যবস্থায় পরিবর্তনের সিদ্ধান্ত নেয়া হয়েছিল। নতুন কাঠামো বাস্তবায়নে বর্তমানে তথ্যপ্রযুক্তি ব্যবস্থার হালনাগাদ চলছে। চলতি বছরের শেষ নাগাদ নতুন নিয়মে ভিসা

● ৩-এর পাতায় দেখুন



শীতার্ত অসহায় মানুষের মাঝে বিতরণের জন্য চাঁদপুর জেলা প্রশাসনের কাছে কম্বল হস্তান্তর করছেন বেসরকারি ক্ষুদ্র ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান আশা নেতৃবৃন্দ।

চাঁদপুরে শীতার্তদের জন্য আশা'র ৪৩০টি কম্বল হস্তান্তর

শহর প্রতিনিধি

শীতার্ত অসহায় মানুষের মাঝে বিতরণের জন্য চাঁদপুর জেলা প্রশাসনের কাছে ৪৩০ পিস কম্বল হস্তান্তর করেছে বেসরকারি ক্ষুদ্র ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান আশা। রোববার (১৫ নভেম্বর) দুপুরে জেলা প্রশাসকের কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে এসব কম্বল গ্রহণ করেন জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান। এ সময় জেলা প্রশাসক বলেন, "আশা'র এই মানবিক উদ্যোগকে আমি স্বাগত জানাচ্ছি। সমাজের বিত্তবান সবাইকে অসহায় মানুষের পাশে এগিয়ে আসতে হবে। আমরা দ্রুতই কম্বলগুলো

● ৩-এর পাতায় দেখুন

তথ্যের অখণ্ডতা রক্ষা ডিজিটাল যুগের অন্যতম চ্যালেঞ্জ: প্রধান তথ্য কমিশনার

নিজস্ব প্রতিবেদক

তথ্যের অখণ্ডতা রক্ষা করা বর্তমান ডিজিটাল যুগের অন্যতম গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ বলে উল্লেখ করেছেন প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. নাহরিন ইসলাম খান। রোববার (১৫ নভেম্বর) সকালে রাজধানীর বাংলামোটরে বিশ্বসাহিত্য কেন্দ্রে ডাটাফুল কর্তৃক আয়োজিত 'অপতথ্যের জাল ছিঁড়ে' প্রতিপাদ্যে 'তথ্যের অখণ্ডতা সম্মেলন ২০২৬' এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ড. নাহরিন ইসলাম খান বলেন, তথ্যের ঘাটতি, তথ্য গোপন করার প্রবণতা এবং নির্ভরযোগ্য তথ্যের সহজলভ্যতার অভাব অনেক সময় অপতথ্য ও বিভ্রান্তিকর তথ্য

● ৩-এর পাতায় দেখুন



জাতীয় ক্রীড়া পরিষদের সম্মেলন কক্ষে বাংলাদেশ মার্শাল আর্ট কনফেডারেশনের নবগঠিত এডহক কমিটির প্রথম কার্যনির্বাহী সভা।

জাতীয় ও আন্তর্জাতিক আসরে অংশ নিতে প্রস্তুত বাংলাদেশ মার্শাল আর্ট কনফেডারেশন

দিগন্ত ডেস্ক

বাংলাদেশ মার্শাল আর্ট কনফেডারেশনের নবগঠিত এডহক কমিটির প্রথম কার্যনির্বাহী সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় মার্শাল আর্টের প্রসার, যুবসমাজকে মাদক ও নৈতিক অবক্ষয় থেকে দূরে রাখা এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ক্রীড়া কার্যক্রম জোরদারে একাধিক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

সভায় সাধারণ সম্পাদক মাহফুজ হাসানের সঞ্চালনায় সভাপতিত্ব করেন সংসদ সদস্য ইশরাক হোসেন। এতে উপস্থিত ছিলেন সহ-সভাপতি মনিরুল ইসলাম, যুগ্ম সম্পাদক মো. শাহাদাদাত হোসেন খান, সদস্য খাইরুল হাসান বেনু'সহ কমিটির অন্যান্য সদস্য। সভায়

● ৩-এর পাতায় দেখুন

ফতেপুর পূর্ব ইউনিয়নের চেয়ারম্যান পার্থী গোলাম ছারোয়ারের উঠোন বৈঠক

স্টাফ রিপোর্টার

আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে মতলব উত্তর উপজেলার ১০নং ফতেপুর পূর্ব ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী, বিশিষ্ট রাজনীতিবিদ ও সমাজসেবক, ফতেপুর আবুল হোসেন উচ্চ বিদ্যালয়ের এডহক কমিটির আহবায়ক এবং মতলব উত্তর উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি গোলাম ছারোয়ার মজুমদার ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে নির্বাচনী উঠোন বৈঠক করছেন

তিনি নির্বাচনী উঠোন বৈঠক ও জনসংযোগ করে পাড়া মহল্লা চোষে বেড়াচ্ছেন। তিনি ১৪ সেপ্টেম্বর ২০২৬

● ৩-এর পাতায় দেখুন



উঠোন বৈঠকে বক্তব্য রাখছেন মতলব উত্তর উপজেলার ১০নং ফতেপুর পূর্ব ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী গোলাম ছারোয়ার মজুমদার।



চাঁদপুরে বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের মেধাবৃত্তি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করছেন নেতৃবৃন্দ।

চাঁদপুরে বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের মেধাবৃত্তি পরীক্ষা

স্টাফ রিপোর্টার

বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের আয়োজনে সারাদেশের ন্যায় চাঁদপুরেও মেধাবৃত্তি পরীক্ষা-২০২৬ সফলভাবে সম্পন্ন হয়েছে। শনিবার (১৪ নভেম্বর) সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত জেলার ৮ উপজেলায় একযোগে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে জেলার

● ৩-এর পাতায় দেখুন

ইতিহাসে ১৬ নভেম্বর

১৮৬৯ সালে পোর্ট সৈয়দে সুয়েজ খাল আনুষ্ঠানিকভাবে নৌ চলাচলের জন্য উন্মুক্ত হয়। ১৯২৩ সালে অস্বাভাবিক মুদ্রাস্ফীতির পর জার্মানিতে নতুন মুদ্রাব্যবস্থা চালু হয়। ১৯৩৩ সালে মার্কিন যুক্তরাষ্ট্র ও সোভিয়েত ইউনিয়ন আনুষ্ঠানিকভাবে কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে। ১৯৪৫ সালে ইউনেস্কো প্রতিষ্ঠিত হয়। ১৯৪৬ সালে বিশ্বে প্রথমবারের মত কৃত্রিমভাবে বৃষ্টিপাত সৃষ্টি করা হয়। এইদিন আন্তর্জাতিক সহনশীলতা দিবস পালিত হয়।

আন্তর্জাতিক বাজারে টিকতে কমপ্লায়েন্স নিশ্চিত করতে হবে: বাণিজ্যমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

আন্তর্জাতিক বাজারে বাংলাদেশের বস্ত্র ও পোশাকশিল্পের প্রতিযোগিতা সক্ষমতা ধরে রাখতে কমপ্লায়েন্স নিশ্চিত করার পাশাপাশি উৎপাদনশীলতা ও পরিবেশগত স্থায়িত্ব বাড়াতে হবে। এজন্য সরকারি-বেসরকারি অংশীদারত্ব

● ৩-এর পাতায় দেখুন

মেসার্স জিহাদ মুজাহিদ ট্রেডার্স
প্রোপাইটর: মোঃ আব্দুল গফুর
● সকল প্রকার সেলুকল, আর্থিংয়ের তার এবং সব ধরনের পাইপ পাওয়া যায়।
● অত্যন্ত দক্ষতার সাথে গভীর নলকূপ বসানো হয়।
ঠিকানা: মিশন রোড রেল ক্রসিংয়ের দক্ষিণ পাশে, চাঁদপুর।
মোবাইল: ০১৮৩৯-৫৯১৯০৭, ০১৭১১-৬৬১০৯৩

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার
ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডিজিও, এমসিপিএস (গাইনী এন্ড অবস্)
সিসিডি (বারডেম), বিএমডিসি রেজি নং : এ-৬২৪৮৩
গাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব ও নিঃসন্তান দম্পতির বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
এমডি (গ্যাস্ট্রোএন্টারোলজী)
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
BMDC Reg No : A-71474
মেডিসিন, পরিপাকতন্ত্র ও লিভার বিশেষজ্ঞ
রোগী দেখার সময় ঃ শুক্রবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
এমবিবিএস (ঢাকা) বিসিএস (স্বাস্থ্য)
এমএস (অর্থোপেডিক্স)
জাতীয় অর্থোপেডিক্স হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)
পঙ্গু হাসপাতাল, ঢাকা (এক্স)
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজিঃ নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মিজানুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি)
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা
সহকারী অধ্যাপক
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রষ্টেট, মূত্রথলি, মূত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
মেডিসিন, হৃদরোগ, বক্ষব্যাধি, চামড়ার, রাতজ্বর, এ্যালার্জি ও প্যারালাইসিস রোগের অভিজ্ঞ চিকিৎসক
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ
২৪ ঘন্টা সার্ভিস
সহকারি অধ্যাপক ডা. মুহাম্মদ আসিফ ইকবাল
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
এমএসিপি (আমেরিকা)
সহকারি অধ্যাপক (মেডিসিন)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
মেডিসিন, নিউরো মেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।
ডা. আয়েশা আফরোজ (লুনা)
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
বিএসএমএমইউ (প্রাক্তন পিজি হাসপাতাল)
সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফী)
কনসালটেন্ট (গাইনী এন্ড অবস্)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
গাইনী, স্ত্রী, প্রসূতি, জন্ম (ব্রেস্ট), নিঃসন্তান দম্পতি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।
ডা. ওমর ফারুক (সবুজ)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি) ঢাকা মেডিকেল কলেজ
কনসালটেন্ট: (ইএনটি)
নাক, কান, গলা বিশেষজ্ঞ ও সার্জন
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
এমবিবিএস., বিসিএস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (সার্জারী)
এম.এস (ইউরোলজী)
কনসালটেন্ট
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
সার্টিফিকেট কোর্স অন ল্যাপারোস্কোপি (বারডেম)
কিডনী, কিডনী নালী, মূত্রনালী, পোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যত্ব ও যৌন দূর্বলতা, ইউরোলজী, এন্ড্রোলজী, প্যাণারেঙ্কপিক বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. মোঃ নাজমুল হাসান
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), এম.ডি (শিশু)
আইসিপিপিএস (শিশু পুষ্টি) সিঙ্গাপুর
NICU এবং PICU বিশেষজ্ঞ
আর.এম.ও
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন, দুপুর ২.৩০ থেকে বিকাল ৫টা রাত ৮টা থেকে রাত ১০টা (শুক্রবার বন্ধ)
ডা. নূর হোসাইন বান্না
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো (নিটোর), এমএস (থিসিস)
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল এন্ড পূর্নবাসন প্রতিষ্ঠান (পঙ্গু হাসপাতাল), ঢাকা।
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যাথা, পঙ্গুরোগ, এক্সিডেন্ট ও ট্রমা সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখেন প্রতি সোমবার, বিকাল ৪:৩০টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (শেষ পর্ব) সার্জারী, এমআরসিপিএস (পার্ট-এ)
এমসিপিএস (সার্জারী)
সিসিডি (বারডেম), ডিএমইটি এডমন (অস্ট্রোমেডী)
ফ্রেন্ড ইন টিচিংএস (সেলেকশিপ)
সহকারী রেজিষ্ট্রার (সার্জারী)
কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
হার্নিয়া হাইড্রোসিল, এপেন্ডিসাইটিস, টিউমার স্তনের রোগ পাইলস, ফিস্টুলা, এনালফিসর সহ মলদ্বারের বিভিন্ন রোগের চিকিৎসক ও সার্জন
রোগী দেখেন প্রতি শুক্রবার, সকাল ১০টা থ

দৈনিক চাঁদপুর দিগন্ত
সোমবার ॥ ১৬ নভেম্বর ২০২৬

সম্পাদকীয়

ক্যানসার আক্রান্তদের দুর্ভোগ সরকারি পর্যায়ে চিকিৎসার সুযোগ বাড়াতে হবে

দেশে প্রতি ঘণ্টায় ২১ জন নতুন ক্যানসার রোগী শনাক্তের বিপরীতে ১৬ জনের মৃত্যুর পরিসংখ্যানই বলে দেয়, ক্যানসার আক্রান্তদের জীবনের কাছে কতটা অসহায় আত্মসমর্পণ করতে হয়। সম্প্রতি প্রথম আলোয় প্রকাশিত 'মধ্যরাত থেকে ক্যানসার রোগীদের লাইন, নিশ্চয়তা নেই চিকিৎসার' শীর্ষক প্রতিবেদনে দেশে ক্যানসার চিকিৎসার অসংগঠিত ও ত্রুটিপূর্ণ চিত্র বিস্তারিতভাবে উঠে এসেছে। ক্যানসার শনাক্ত থেকে চিকিৎসা প্রাপ্তির সুযোগের ঘাটতি এবং উচ্চ ব্যয়–সব মিলিয়ে এই রোগে আক্রান্ত পরিবারগুলো সীমাহীন দুর্ভোগের মধ্যে পড়ছে।

দেশে প্রতিবছর কতজন নতুন করে ক্যানসারে আক্রান্ত হচ্ছেন, এর সঠিক কোনো পরিসংখ্যান নেই। তবে ক্যানসারবিষয়ক বিশ্ব স্বাস্থ্য সংস্থার অধিভুক্ত সংস্থা গ্লোবোক্যানের ২০২৪ সালের প্রতিবেদন বলছে, বাংলাদেশে প্রতিবছর ১ লাখ ৮৭ হাজার মানুষ ক্যানসারে আক্রান্ত হন, মারা যান ১ লাখ ৩৮ হাজার জন। ক্যানসারে আক্রান্তদের মৃত্যুহার এত বেশি হওয়ার মূল কারণই হলো দেশে ক্যানসার যাচাই এবং দ্রুত রোগ শনাক্তের ব্যবস্থার স্বল্পতা। প্রশিক্ষিত জনবলের যেমন ঘাটতি আছে, আবার প্রয়োজনের তুলনায় ক্যানসার চিকিৎসাকেন্দ্রও অনেক কম। অথচ প্রাথমিক পর্যায়ে ক্যানসার শনাক্ত হলে যেমন রোগীদের সুস্থ হওয়ার সম্ভাবনা অনেক বেশি, আবার চিকিৎসা ব্যয়ও অনেকটাই কমে যায়।

প্রধানমন্ত্রীর হাত থেকে পুরস্কার

অংশগ্রহণ করেন। দিনব্যাপী কর্মশালার অন্যতম আকর্ষণ ছিল দলগত কার্যক্রম। এ পর্বে ১০ জন করে অংশগ্রহণকারী নিয়ে মোট ১০টি দল গঠন করা হয়। প্রতিটি দলকে নির্বাচনী ইশতেহারের গুরুত্বপূর্ণ বিষয়গুলোর মধ্য থেকে একটি নির্দিষ্ট বিষয় নির্ধারণ করে দেয়া হয়। বিষয়ভিত্তিক আলোচনা, মতবিনিময় এবং প্রেজেন্টেশন প্রস্তুতের জন্য দলগুলোকে ৩০ মিনিট সময় দেয়া হয়। পরে প্রতিটি দল থেকে একজন প্রতিনিধি তিন মিনিটের মধ্যে নিজ দলের প্রস্তাবনা ও পরিকল্পনা উপস্থাপন করেন।

এ প্রতিযোগিতামূলক কার্যক্রমে চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সভাপতি রাকিবুল কবির নিহাল ও সাধারণ সম্পাদক মো. ইফতিখারুল আলম বসুনীয়ার সমন্বয়ে গঠিত দলটি নিজেদের পরিকল্পনা ও প্রস্তাবনা উপস্থাপনের মাধ্যমে তৃতীয় স্থান অর্জন করে। পরে প্রধানমন্ত্রী তারেক রহমান এমপির হাত থেকে পুরস্কার গ্রহণ করেন তাঁরা।

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সভাপতি ও সাধারণ সম্পাদকের এ অর্জন সংগঠনটির সাংগঠনিক ও সৃজনশীল কার্যক্রমে একটি উল্লেখযোগ্য সংযোজন। জাতীয় পর্যায়ের এ কর্মশালায় সাফল্য অর্জনের মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের প্রতিনিধিত্ব আরও উজ্জ্বল হয়েছে।

মতলব উত্তরে মাদ্রাসার

ছেলে সাকিন (১১)। মাদ্রাসা ও পারিবারিক সূত্রে জানা যায়, আবাসিক ওই মাদ্রাসার শিক্ষার্থীরা নিয়মিত মাদ্রাসাতেই অবস্থান করে এবং প্রতি শুক্রবার সকালে নিজ নিজ বাড়িতে গিয়ে বাবা-মায়ের সঙ্গে দেখা করে পুনরায় মাদ্রাসায় ফিরে আসে। নিয়ম অনুযায়ী শুক্রবার সকালে ওই তিন শিক্ষার্থী মাদ্রাসা থেকে বাড়ির উদ্দেশ্যে বের হয়। কিন্তু নির্ধারিত সময় পেরিয়ে গেলেও তারা মাদ্রাসায় না ফেরায় এবং বাড়িতেও তাদের খোঁজ না মেলায় শুরু হয় অনুসন্ধান।

সম্ভাব্য সব জায়গায় খোঁজাখুঁজি করেও এখন পর্যন্ত তাদের কোনো সন্ধান পাওয়া যায়নি। নিখোঁজ তিন শিক্ষার্থীর কোনো খোঁজ পেলে দ্রুত মাদ্রাসা কর্তৃপক্ষ, অভিভাবক অথবা নিকটস্থ থানায় যোগাযোগ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়েছে।

হাজীগঞ্জে পিতা হত্যার

ধরে বৃহস্পতিবার বিকেলে যাত্রী নিয়ে অটোরিকশা চালিয়ে মোহাম্মদপুর গ্রামের দিকে যাওয়ার পথে ধোপল্লা বাজারের উত্তর পাশে শাহজাহানকে আটকানো হয়। একপর্যায়ে ২০-২৫ জন ব্যক্তি তাঁকে এনায়েতপুর গ্রামের বাসিন্দা হিসেবে শনাক্ত করে মারধর শুরু করে।

অভিযোগ রয়েছে, হামলাকারীরা তাঁকে কিল-ঘুষি, লাথি ও পা দিয়ে পিষ্ট করে গুরুতর আহত করে। পরে তাঁকে উদ্ধার করে হাজীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

নিহতের ছোট ভাই বাবুল বলেন, 'আমার ভাই একজন সামান্য অটোরিকশাচালক। খেলার বিরোধের বিষয়ে সে কিছুই জানে না। অথচ অযথা আমার ভাইকে পিটিয়ে হত্যা করা হয়েছে। আমরা এই হত্যাকাণ্ডে জড়িতদের দৃষ্টান্তমূলক বিচার চাই।'

নিহতের বোন নাসরিন ও খুশি বেগমও ভাই হত্যার সুষ্ঠু বিচার দাবি করে সরকারের কাছে অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তির আহ্বান জানিয়েছেন।

এদিকে শাহজাহানের মৃত্যুতে পরিবারে নেমে এসেছে শোকের মাতম। তাঁর আট বছর বয়সী ছেলে সাজ্জাদ ও ১১ বছর বয়সী মেয়ে সারমিন বাবাকে হারিয়ে কান্নায় ভেঙে পড়েছে। অবুঝ দুই শিশুর ভবিষ্যৎ নিয়ে দুশ্চিন্তায় পড়েছে পরিবার। অন্যদিকে ৮০ বছর বয়সী বৃদ্ধ বাবা ছেলের মৃত্যুতে বাকরুদ্ধ হয়ে পড়েছেন। নির্বাক দৃষ্টিতে শুধু ফ্যালফ্যাল করে তাকিয়ে থাকছেন।

এলাকাবাসী দুলাল ও সিএনজিচালক সুমন জানান, শাহজাহান অত্যন্ত সহজ-সরল মানুষ ছিলেন। তিনি খেলাধুলার সঙ্গে জড়িত ছিলেন না। তাঁকে এভাবে মারধর করে হত্যার ঘটনায় তাঁরা ক্ষোভ প্রকাশ করেন এবং জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

এ বিষয়ে শাহরাস্তি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মীর মাহবুবুর রহমান জানান, এ ঘটনায় মামলা হয়েছে। দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। অন্যদের আটক করতে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

কর্মদিবসের শুরুতেই

জাতীয় স্টেডিয়াম সংলগ্ন সড়কে যানবাহনের চাপ ছিল তুলনামূলক বেশি। অন্যদিকে জিয়া উদ্যান ও এর আশপাশে রাজনৈতিক কর্মসূচিকে কেন্দ্র করে নেতাকর্মীদের সমাগমে বিজয় সরণি ও ফার্মগেট এলাকায় যান চলাচলে বিঘ্ন ঘটে। গুরুত্বপূর্ণ কয়েকটি সড়কে গাড়ির গতি কমে যাওয়ায় এক এলাকার যানজটের প্রভাব ছড়িয়ে পড়ে অন্য এলাকাতেও। সামাজিক যোগাযোগমাধ্যমে ট্রাফিক অ্যালার্ট গ্রুপেও উঠে এসেছে নগরবাসীর ভোগান্তির চিত্র। 'ট্রাফিক অ্যালার্ট' গ্রুপে ছবি ও ভিডিও পোস্ট করে ক্ষোভ প্রকাশ করেছেন এক ভুক্তভোগী। তিনি লিখেছেন, 'এসব (রাজনৈতিক কর্মসূচি) কারণে কয়েকটা রাস্তা বন্ধ। সারা ঢাকা আজ অচল হবে। এগুলো শুক্র-শনিবারে করলেই হয়। অফিস যাওয়ার টাইমে পুরা বাজে অবস্থা। যানজটে আটকে থাকা বেসরকারি চাকরিজীবী মো. রাজীব বলেন, 'সপ্তাহের প্রথম দিন এমনিতেই রাস্তায় চাপ থাকে। কিন্তু আজ পল্টন ও গুলিস্তান এলাকায় গাড়ি যেন নড়ছেই না। আধা ঘণ্টার পথ পাড়ি দিতে দেড় ঘণ্টার বেশি সময় লেগে যাচ্ছে।'

ভিক্টর ক্লাসিক পরিবহনের চালক আলী আকবর বলেন, 'সকাল থেকেই পুরান ঢাকা ও গুলিস্তানের দিক থেকে প্রচুর গাড়ি আসছে। স্টেডিয়াম এলাকার দিকেও রাস্তায় জট লেগে আছে। একটি সিগন্যাল পার হতেই অনেক সময় চলে যাচ্ছে। এতে আমাদের ট্রিপের সংখ্যাও কমে যাচ্ছে।'

পল্টন ও স্টেডিয়াম এলাকার যানজটের বিষয়ে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) ট্রাফিক-মতিঝিল বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) ফারজানা হক বলেন, 'আজ পল্টন ও আশপাশের এলাকা এবং গুলিস্তান থেকে স্টেডিয়াম পর্যন্ত অন্যান্য দিনের তুলনায় যানজট কিছুটা বেশি। এর প্রধান দুটি কারণ রয়েছে। প্রথমত, সপ্তাহের প্রথম কর্মদিবস হওয়ায় পুরান ঢাকা থেকে এই এলাকাগুলোতে গাড়ির চাপ অনেক বেশি। দ্বিতীয়ত, স্টেডিয়ামে সাফ ফুটবল টুর্নামেন্ট চলার কারণে এই অঞ্চলে বাড়তি যানবাহন ও মানুষের সমাগম হয়েছে। অন্যদিকে বিজয় সরণি ও ফার্মগেট এলাকার ট্রাফিক পরিস্থিতি সম্পর্কে ডিএমপির ট্রাফিক-তেজগাঁও বিভাগের শেরেবাংলা নগর জোনের সহকারী পুলিশ কমিশনার (এসি) মনোয়ারা আক্তার রিফাত বলেন, 'সকালে জিয়া উদ্যানে বিএনপির একটি কর্মসূচি ছিল। সেখানে বিপুল সংখ্যক নেতাকর্মী আসায় এই এলাকায় ট্রাফিকের চাপ হঠাৎ বেড়ে গিয়েছিল, যার ফলে কিছুটা যানজটের সৃষ্টি হয়। তবে কর্মসূচি শেষ হওয়ার পর পরিস্থিতি ধীরে ধীরে স্বাভাবিক হয়ে আসছে।'

ট্রাফিক পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, যানজট নিয়ন্ত্রণ ও নগরবাসীর ভোগান্তি কমাতে রাজধানীর গুরুত্বপূর্ণ পয়েন্টগুলোতে যান চলাচল নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা বজায় রাখতে কাজ করছেন ট্রাফিক সদস্যরা।

চার মাসে প্রবাসী আয় ১ হাজার

আরও রয়েছে যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, সংযুক্ত আরব আমিরাতসহ ইউরোপ ও মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশ। বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদন অনুযায়ী, চলতি অর্থবছরের জুলাই থেকে অক্টোবর পর্যন্ত সময়ে সৌদি আরবে বসবাসরত প্রবাসীরা দেশে সর্বোচ্চ ২১৯ কোটি ৮৪ লাখ ৯০ হাজার মার্কিন ডলার রেমিট্যান্স পাঠিয়েছেন।

দ্বিতীয় সর্বোচ্চ ১৬১ কোটি ৬৬ লাখ মার্কিন ডলার এসেছে যুক্তরাজ্য থেকে। শীর্ষ ১০ দেশের তালিকায় তৃতীয় অবস্থানে থাকা যুক্তরাষ্ট্র থেকে এসেছে ১০৫ কোটি ৩৫ লাখ ২০ হাজার মার্কিন ডলার। এ ছাড়া সংযুক্ত আরব আমিরাত থেকে ১০২ কোটি ৬৫ লাখ ৭০ হাজার, মালয়েশিয়া থেকে ৯০ কোটি ১৯ লাখ ৫০ হাজার, ইতালি থেকে ৭৬ কোটি ৯৫ লাখ ৪০ হাজার, কুয়েত থেকে ৬১ কোটি ৪৫ লাখ ৫০ হাজার, ওমান থেকে ৫৫ কোটি ২০ লাখ, সিঙ্গাপুর থেকে ৫৫ কোটি ৪ লাখ ৯০ হাজার এবং কাতার থেকে ৪৯ কোটি ৪৯ লাখ ৫০ হাজার মার্কিন ডলার রেমিট্যান্স এসেছে। মাসভিত্তিক হিসাব বিশ্লেষণে দেখা যায়, সর্বশেষ গত অক্টোবর মাসে প্রবাসীরা দেশে পাঠিয়েছেন ২৮৭ কোটি ৩৬ লাখ ৩০ হাজার মার্কিন ডলার। এর আগে সেপ্টেম্বরে এসেছিল ২৭৬ কোটি ৬০ লাখ ২০ হাজার মার্কিন ডলার। এ ছাড়া অর্থবছরের প্রথম দুই মাস জুলাই ও আগস্টে যথাক্রমে ২৮৫ কোটি ৮৭ লাখ ৬০ হাজার এবং ২৯৬ কোটি ৭৫ লাখ ৩০ হাজার মার্কিন ডলার রেমিট্যান্স দেশে এসেছে।

চাঁদপুরে শীর্ষ মাদক

ফিরেছে স্থানীয় সাধারণ মানুষের মাঝে।

পুলিশ সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে চাঁদপুর মডেল থানার এসআই নাজমুল ও এএসআই সুমনের নেতৃত্বে গঠিত একটি দল সঙ্গীয় ফোর্সসহ শনিবার লক্ষ্মীপুর ইউনিয়নের ৬নং ওয়ার্ডের লক্ষ্মীপুর শাহী মসজিদের সামনে অভিযান চালায়। এ সময় ইয়াবা বিক্রির সময় হাতেনাতে শাহজাহান গাজীকে আটক করা হয়। তল্লাশি চালিয়ে তার কাছ থেকে ১৮১ পিস ইয়াবা উদ্ধার করা হয়।

পুলিশ ও স্থানীয়দের অভিযোগ, শাহজাহান গাজি দীর্ঘদিন ধরে নিজ এলাকাসহ আশপাশের বিভিন্ন স্থানে গাঁজা, ইয়াবাসহ নানা ধরনের মাদকের অবৈধ কেনাবেচা ও সরবরাহ চালিয়ে আসছিলেন। তাকে ধরতে এর আগেও পুলিশ একাধিকবার অভিযান পরিচালনা করে। ওই সময় তার বিরুদ্ধে পুলিশের ওপর হামলার চেষ্টারও অভিযোগ রয়েছে।

ঘটনার সত্যতা নিশ্চিত করে চাঁদপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফয়েজ আহমেদ জানান, শাহজাহান গাজীর মাধ্যমে লক্ষ্মীপুর ইউনিয়ন ও এর আশপাশের এলাকায় মাদক ছড়িয়ে পড়ত। পুলিশ সুপারের সুনির্দিষ্ট দিকনির্দেশনা ও বিশেষ অভিযানের অংশ হিসেবে তাকে হাতেনাতে গ্রেপ্তার করা হয়েছে। তার বিরুদ্ধে থানায় একাধিক মাদক মামলা রয়েছে বলেও জানান তিনি।

চিহ্নিত এই মাদক ব্যবসায়ীর আটকের খবরে স্থানীয়দের মধ্যে স্বস্তি ফিরে এসেছে। তবে এলাকাবাসীর দাবি, শুধু শাহজাহান গাজি একা নন, এই মাদকের সিন্ডিকেটের সঙ্গে জড়িত অন্য সহযোগীদেরও দ্রুত আইনের আওতায় এনে কঠোর শাস্তি নিশ্চিত করা হোক।

সরকারি সম্পত্তি দখল

প্রতিষ্ঠানের ১০০ মিটারের মধ্যে তামাকজাত পণ্যের দোকান থাকতে পারবে না। এ নির্দেশনা বাস্তবায়নে সংশ্লিষ্টদের কার্যকর পদক্ষেপ নিতে হবে।

নিরাপদ পানির সংকট ও আর্সেনিক সমস্যা প্রসঙ্গে তিনি বলেন, বিভিন্ন ইউনিয়নে প্রায় ৭৯০ ফুট গভীর পর্যন্ত গিয়ে পরীক্ষা করেও আর্সেনিক পাওয়া গেছে। বিষয়টি অত্যন্ত উদ্বেগজনক। এ সমস্যা সমাধানে সংশ্লিষ্ট দপ্তরগুলোকে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে এবং নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করতে হবে।

সরকারি সম্পত্তি ও রেলওয়ের জায়গা অবৈধ দখলমুক্ত করার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, রেলওয়ের জায়গা উদ্ধারের বিষয়ে আগেও নির্দেশনা দেয়া হয়েছে। বৈধ লিজ ছাড়া যারা সরকারি জায়গা দখল করে রেখেছেন, তাদের উচ্ছেদ করতে হবে। সরকারি সম্পত্তি অবৈধভাবে দখল করে কেউ স্থাপনা নির্মাণ করবে, তা হতে দেয়া হবে না। এটি কি মগের মুল্লুক যে, যার ইচ্ছা সে সরকারি জায়গা দখল করে স্থাপনা নির্মাণ করবে? সরকারি সব দপ্তরকে নিজ নিজ সম্পত্তির দখল বুঝে নিয়ে অবৈধ দখলমুক্ত করতে হবে। মানুষের সেবা সবার আগে নিশ্চিত করতে হবে।

চাঁদপুর শহরের বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে অসন্তোষ প্রকাশ করে এমপি মানিক বলেন, পুরো শহরজুড়ে বিভিন্ন স্থানে ময়লা-আবর্জনা পড়ে থাকতে দেখা যায়। এতে নগরীর পরিবেশ ও সৌন্দর্য নষ্ট হচ্ছে। দ্রুত কার্যকর ডাম্পিং ব্যবস্থা গড়ে তুলে শহরের বর্জ্য অপসারণ ও ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে। এলপিজি গ্যাস অতিরিক্ত দামে বিক্রির অভিযোগ প্রসঙ্গে তিনি সংশ্লিষ্টদের বাজার মনিটরিং জোরদার করার নির্দেশ দেন। নির্ধারিত মূল্যের চেয়ে বেশি দামে যাতে কেউ এলপিজি বিক্রি করতে না পারে, সে বিষয়ে কার্যকর নজরদারি রাখতে হবে।

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের
অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান স্বীনিট
চপ, কাকলেট, যোগলাই, বিরিয়ানী,
চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪৯৬৩২৯০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত রির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিষ্ট্রি এম্বাসী এটাস্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিস ঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস ঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

গোপালগঞ্জে লগিবইঠা, রামদা

নেতাকর্মী। মিছিলে জাতীয় পতাকার পাশাপাশি লাঠি, রামদা, চায়নিজ কুড়াল, টেটা, বল্লম ও লগি-বইঠার মতো দেশিয় অস্ত্র দেখা যায়। এসময় বিভিন্ন স্লোগান দেন তারা।

স্থানীয় সূত্রে জানা যায়, সকাল ৮টা থেকেই গোপালগঞ্জ সদর উপজেলার লতিফপুর ইউনিয়নের ঘোষেরচর উত্তরপাড়ায় পৌর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক সালাউদ্দিন খানের বাড়িতে বিভিন্ন ইউনিয়নের নেতাকর্মীরা জড়ো হতে থাকেন। সেখানে তাদের জন্য খাবারের আয়োজন করা হয়। পরে গাবতলা মোড়ে একত্র হয়ে সালাউদ্দিন খানের নেতৃত্বে কয়েক হাজার নেতাকর্মী বিসিক ব্রিজ হয়ে মিছিল নিয়ে শহরে প্রবেশ করেন।

অন্যদিকে, ঘোষেরচর দক্ষিণপাড়া থেকে কার্যক্রম নিষিদ্ধ ছাত্রলীগ নেতা মো. সামিউল হক তনুর নেতৃত্বে আরেকটি মিছিল বের হয়। শহরের মিয়া ও নবীনবাগ এলাকা থেকেও সাবেক কাউন্সিলর আলামিনের নেতৃত্বে মিছিল বের করা হয়। এছাড়া বিভিন্ন পাড়া-মহল্লা ও ইউনিয়ন থেকে খণ্ড খণ্ড মিছিল নিয়ে নেতাকর্মীরা শহরে আসেন। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে মিছিল ও স্লোগানে মুখর হয়ে ওঠে শহরের বিভিন্ন সড়ক।

পরে বিভিন্ন স্থান থেকে আসা মিছিলগুলো পুরোনো লঞ্চঘাট ব্রিজ এলাকায় একত্র হয়। সেখান থেকে কয়েক হাজার নেতাকর্মী মিছিল নিয়ে ব্যাংকপাড়ায় অবস্থিত আওয়ামী লীগের জেলা কার্যালয়ে যান। দীর্ঘদিন ধরে তালাবদ্ধ থাকা কার্যালয়টি খুলে সেখানে উল্লাস করেন তারা। এসময় নেতাকর্মীদের হাতে জাতীয় পতাকার পাশাপাশি দেশিয় অস্ত্র দেখা যায়।

এর আগে বিক্ষোভকারীরা শহরের লঞ্চঘাট এলাকায় নির্মিত জুলাই স্মৃতিস্তম্ভ ভাঙচুর করেন। গোপালগঞ্জ সরকারি কলেজের প্রধান ফটকের নামফলক মুছে সেখানে 'সরকারি বঙ্গবন্ধু কলেজ' লেখা ব্যানার টাঙিয়ে দেন। একইভাবে গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের হাদি চত্বরের নামফলকও ভেঙে ফেলেন তারা।

পরে পুরোনো লঞ্চঘাট, সরকারি কলেজ ও প্রেসক্লাবের সামনের সড়কে টায়ারে আগুন জ্বালিয়ে অবরোধ করেন বিক্ষোভকারীরা। এসময় পুলিশের সাঁজোয়া যানের ওপর দাঁড়িয়ে নেতাকর্মীদের স্লোগান দিতে দেখা যায়। একপর্যায়ে তারা এপিসির পেছনের লুকিং গ্লাস ও পুলিশ বক্সের থাই গ্লাস ভাঙচুর করেন। এপিসির গায়েও লাল রং দিয়ে 'জয় বাংলা, জয় বঙ্গবন্ধু' লিখে দেন।

এ বিষয়ে কার্যক্রম নিষিদ্ধ গোপালগঞ্জ জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক ইলিয়াস হক বলেন, 'বঙ্গবন্ধু ও শেখ হাসিনার প্রশ্নে গোপালগঞ্জের মানুষ আপসহীন। সাবেক প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনাকে যত দিন দেশে ফিরিয়ে আনতে না পারব, তত দিন রাজপথে আমাদের আন্দোলন চলতে থাকবে।'

অন্যদিকে বিক্ষোভ, ভাঙচুর ও অবরোধের বিষয়ে বক্তব্য জানতে গোপালগঞ্জের পুলিশ সুপারের মুঠোফোনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি সাড়া দেননি। দায়িত্বে থাকা পুলিশের এক কর্মকর্তা এ বিষয়ে কথা বলতে অপারগতা প্রকাশ করেন।

কচুরিপানার দখলে ধনাগোদা

ফারুকুল ইসলাম বলেন, নদীর দুই পাড়ে অসংখ্য অবৈধ মাছ ধরার ঝাঁক রয়েছে। এসব ঝাঁকে কচুরিপানা আটকে থাকায় নদীর স্বাভাবিক প্রবাহ বাধাগ্রস্ত হচ্ছে। এতে নৌযান চলাচল ব্যাহত হওয়ার পাশাপাশি স্থানীয় মানুষ মারাত্মক দুর্ভোগে পড়েছে।

স্থানীয়দের অভিযোগ, গত পাঁচ থেকে সাত বছরে নদীর নাব্য হ্রাস, অবৈধ দখল এবং মাছ ধরার ঝাঁক স্থাপনের কারণে নদীর স্বাভাবিক প্রবাহ বাধাগ্রস্ত হয়েছে। পাশাপাশি শ্রীরায়েরচর ব্রিজের অপরিকল্পিত নির্মাণও পানি প্রবাহে প্রতিবন্ধকতা তৈরি করছে। ফলে কচুরিপানা আটকে গিয়ে নদীটি এখন জলাভূমিতে পরিণত হয়েছে।

মতলব উত্তর উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি শামসুজ্জামান ডলার বলেন, ধনাগোদা নদীকে বাঁচাতে হলে অবৈধ দখল ও মাছ ধরার ঝাঁক উচ্ছেদের পাশাপাশি নদীর নাব্য ফিরিয়ে আনার উদ্যোগ নিতে হবে। নদীটির স্বাভাবিক প্রবাহ ফিরিয়ে আনতে কার্যকর ও স্থায়ী পরিকল্পনা প্রয়োজন।

মতলব উত্তর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মাহমুদা কুলসুম মনি বলেন, বিষয়টি তাদের নজরে এসেছে। ইতোমধ্যে জেলা প্রশাসকের সঙ্গে কথা হয়েছে। স্থায়ীভাবে সমস্যা সমাধানে কচুরিপানা অপসারণ ও অবৈধ মাছ ধরার ঝাঁক উচ্ছেদের উদ্যোগ নেওয়া হবে।

চাঁদপুরের জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান বলেন, জেলার নদীগুলোকে অবৈধ দখলমুক্ত করতে বৃহৎ পরিকল্পনা নেওয়া হয়েছে। চাঁদপুর শহরসংলগ্ন ডাকাতিয়া নদীতে ৭৩৬টি অবৈধ দখল চিহ্নিত করা হয়েছে। ডিসেম্বর থেকে সেখানে উচ্ছেদ অভিযান শুরু হবে।

তিনি আরও বলেন, মেঘনা-ধনাগোদা নদীর অবৈধ দখল এবং নদীর মধ্যে কচুরিপানা ও ঝাঁক দিয়ে মাছ চাষের বিষয়টিও গুরুত্ব দিয়ে দেখা হবে। পর্যায়ক্রমে প্রতিটি নদী অবৈধ দখলমুক্ত করে স্বাভাবিক প্রবাহ নিশ্চিত করা হবে।

ফরিদগঞ্জে নিষিদ্ধ ছাত্রলীগ

উপজেলা ছাত্রলীগের সাবেক যুগ্ম আহ্বায়ক মোঃ নূরের রহমান পাটওয়ারী সুমন (৪৮) উপজেলার বদরপুর গ্রামের পাটওয়ারী বাড়ির মৃত গোলাম রহমান পাটওয়ারীর ছেলে।

অন্যদিকে, উপজেলার ৬নং গুপ্টি পশ্চিম ইউনিয়নের হামছাপুর গ্রামের ডাক্তার বাড়ির সামনে খাজুরিয়া-গুপ্টি বাজারগামী পাকা সড়কে অভিযান চালিয়ে ৬ পিস ইয়াবাসহ দুই যুবককে গ্রেপ্তার করে পুলিশ। তারা হলেন–মাজহারুল ইসলামের ছেলে মো. মেহরাজ (২৩) এবং মো. ইউসুফ আলীর ছেলে মো. ইমন হোসেন (১৯)। এ অভিযানে নেতৃত্ব দেন উপপরিদর্শক (এসআই) আতাউর রাব্বী।

এ ছাড়া পুলিশের আরেকটি অভিযানে জিআর মামলার পরোয়ানাভুক্ত আসামি মোঃ জানিবুল হক (৩৪) গ্রেপ্তার হন। তিনি উপজেলার বড়ালী (পূর্ব) গ্রামের মোঃ নাছিরুল হকের ছেলে। এ অভিযানে নেতৃত্ব দেন এসআই মোঃ হুমায়ুন কবির।

পুলিশ জানায়, গ্রেপ্তারকৃতদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া শেষে আদালতে সোপর্দ করা হয়েছে। ইয়াবাসহ গ্রেপ্তার দুই যুবকের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

চাঁদপুরে দুই বিচারকের

(১) শরাফ উদ্দিন আহমেদ, অতিরিক্ত জেলা ও দায়রা জজ (২) কামাল হোসেনসহ বিচার বিভাগের বিভিন্ন পর্যায়ের বিচারকরা।

স্মরণসভায় শহীদ দুই বিচারকের কর্মজীবন, আত্মত্যাগ ও বিচার বিভাগের প্রতি তাঁদের অবদানের কথা গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয়। তাঁদের আত্মার মাগফিরাত ও শান্তি কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

উল্লেখ্য, ২০০৫ সালের ১৪ নভেম্বর সকাল ৯টার দিকে ঝালকাঠি শহরের পূর্বচাঁদকাঠি এলাকায় কর্মস্থলে যাওয়ার পথে সরকারি মাইক্রোবাসে বোমা হামলার শিকার হন দুই বিচারক। নিষিদ্ধ জঙ্গি সংগঠন জেএমবির সদস্যরা তাঁদের বহনকারী মাইক্রোবাস লক্ষ্য করে শক্তিশালী বোমা নিক্ষেপ করে। এতে ঘটনাস্থলেই সিনিয়র সহকারী জজ সোহেল আহমদ নিহত হন। গুরুতর আহত জগন্নাথ পাঁড়েকে বরিশালের শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে তাঁর মৃত্যু হয়। ওই হামলায় আদালতের কর্মচারী ও পথচারীসহ আরও কয়েকজন আহত হন।

কচুয়ার বিতারা ইউনিয়নকে

হয়েছে। জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুরের পাঠানো প্রস্তাবের পরিপ্রেক্ষিতে এ উদ্যোগ নেয়া হয়েছে।

স্থানীয় সরকার বিভাগ সূত্রে জানা গেছে, ইউনিয়ন পরিষদ বিভক্তকরণের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের ২০২৩ সালের ২৬ সেপ্টেম্বর জারি করা নীতিমালা এবং একই বছরের ৯ ডিসেম্বর জারি করা ইউনিয়ন পরিষদ পুনর্গঠন ও বিভক্তকরণ সংক্রান্ত নির্দেশনা অনুসরণের বিষয়টি উল্লেখ করা হয়েছে। সরকারিসেবা

এ ছাড়া স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯-এর ১১ ধারার বিধানও বিবেচনায় নেওয়া হয়েছে।

চিঠিতে আরও উল্লেখ করা হয়, স্থানীয় সরকার বিভাগের গত ২৫ অক্টোবরের একটি স্মারকের আলোকে উত্থাপিত প্রস্তাবের ক্ষেত্রে প্রয়োজনীয় শিথিলতা প্রদান করে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য চাঁদপুরের জেলা প্রশাসককে চিঠি দেওয়া হয়েছে। একই সঙ্গে বিষয়টি অবগতির জন্য কচুয়ার উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাছে অনুলিপি পাঠানো হয়েছে। সরকারিসেবা

প্রস্তাবটি বাস্তব

চাঁদপুরে শীতার্তদের জন্য

প্রকৃত অসহায় ও শীতার্তদের মাঝে বিতরণ করবো।"
আশা চাঁদপুর ব্রাঞ্চের সিনিয়র জেলা ব্যবস্থাপক শেখ ফরিদ বলেন, "আশা শুধু ঋণদান কার্যক্রমই পরিচালনা করে না। সামাজিক দায়বদ্ধতা থেকে প্রতিবছরের ন্যায় এবারও নিজস্ব অর্থায়নে শীতবস্ত্র বিতরণ করছি। এর পাশাপাশি ফিজিওথেরাপি সেবার মাধ্যমে স্বাস্থ্যসেবা, শিশুদের প্রাথমিক শিক্ষা সেবাসহ দুর্যোগপূর্ণ সময়ে সরকারের অংশীজন হিসেবে মানুষের পাশে দাঁড়াই। উর্ধ্বতনের নির্দেশে ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকবে।"
কম্বল হস্তান্তর অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন আশা চাঁদপুর সদর অঞ্চলের সিনিয়র রিজিওনাল ব্যবস্থাপক মো. আব্দুল জলিল, এসই পূজন কুমার চক্রবর্তী, চাঁদপুর সদর-১ ব্রাঞ্চের ব্যবস্থাপক মো. শাখাওয়াত হোসেন, সিনিয়র সহকারী ব্যবস্থাপক মো. বোরহান উদ্দিন প্রমুখ।
উল্লেখ্য, আশা বিশ্বের সর্ববৃহৎ আত্মনির্ভরশীল বেসরকারি ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠান।

ভারতের ভিসা ব্যবস্থায়

দেওয়া শুরু হবে। নতুন ব্যবস্থায় ভিসার ৯টি প্রধান ক্যাটাগরি হলো ব্যবসায়িক, কূটনৈতিক, কর্মসংস্থান, সাংবাদিক, চিকিৎসা, সরকারি, শিক্ষার্থী, ভিজিটর ও বিবিধ ভিসা। ভারতের সরকার জানিয়েছে, একই ধরনের ভ্রমণের উদ্দেশ্যে থাকা ভিসাগুলো একীভূত করায় আবেদনকারীদের জন্য উপযুক্ত ক্যাটাগরি বেছে নেয়া সহজ হবে।
সবচেয়ে উল্লেখযোগ্য পরিবর্তন এসেছে পর্যটক ভিসায়। প্রচলিত ট্যুরিস্ট ভিসার নাম পরিবর্তন করে রাখা হয়েছে ভিজিটর ভিসা। এটি ভি-১ ও ভি-২ নামে দুটি উপশ্রেণিতে বিভক্ত। ভি-১ ভিসার মেয়াদ ৩০ দিন এবং এতে একাধিকবার ভারতে প্রবেশের সুযোগ থাকবে। অন্যদিকে ভি-২ ভিসা এক, পাঁচ অথবা ১০ বছর মেয়াদে দেওয়া হবে।
এই ভিসায় পর্যটনের পাশাপাশি স্বল্পমেয়াদি ব্যবসায়িক বৈঠক, চিকিৎসকের পরামর্শ, ওয়েলনেস কার্যক্রম ও পর্বতারোহণের সুযোগ থাকবে।
চিকিৎসা ভিসায় সাধারণ চিকিৎসার জন্য এম-১ এবং আয়ুশ পদ্ধতির চিকিৎসার জন্য এম-৩ ভিসা নির্ধারণ করা হয়েছে। উভয় ভিসার মেয়াদ সাধারণত এক বছর এবং একাধিকবার প্রবেশের সুযোগ থাকবে। রোগীর সহযাত্রীদের জন্যও আলাদা ভিসার ব্যবস্থা রাখা হয়েছে।
শিক্ষার্থীদের জন্য স্কুল থেকে স্নাতকোত্তর পর্যায়ে এস-১ এবং গবেষণা, পিএইচডি, ইন্টার্নশিপ ও শিক্ষকতার জন্য এস-২ ভিসা চালু করা হয়েছে। ব্যবসায়িক ভিসাও বি-১ ও বি-২ নামে দুই ভাগে ভাগ করা হয়েছে। দীর্ঘমেয়াদি বিনিয়োগ ও ব্যবসাপ্রতিষ্ঠান স্থাপনের জন্য বি-১ এবং স্বল্পমেয়াদি চুক্তি, সম্মেলন ও অন্যান্য ব্যবসায়িক কার্যক্রমের জন্য বি-২ ভিসা দেয়া হবে।
তথ্যসূত্র: দ্য স্টেটসম্যান

মতলব উত্তর সুজাতপুর

বিভিন্ন পণ্যসামগ্রী পাওয়া যাবে। আধুনিক ও মানসম্মত পণ্যের সমাহার নিয়ে ক্রেতাদের সেবা দেয়ার প্রত্যয়ে প্রতিষ্ঠানটির যাত্রা শুরু হয়েছে। প্রতিষ্ঠানটির মালিক মোঃ সবুজ সরকার জানান, ক্রেতাদের চাহিদা ও সাধ্যের কথা বিবেচনা করে সুলভ মূল্যে সব ধরনের পণ্য বিক্রি করা হবে। পাশাপাশি মানসম্মত পণ্য সরবরাহের নিশ্চয়তা দেয়া হচ্ছে। উদ্বোধন উপলক্ষে ক্রেতাদের জন্য থাকছে বিশেষ মূল্যছাড়।
তিনি স্থানীয় ক্রেতা ও শুভানুধ্যায়ীদের লেডিস প্যারাডাইসে এসে পণ্যের মান ও মূল্য যাচাই করে উদ্বোধনী অফার গ্রহণের আহ্বান জানান।

এইচএসসির সাপ্লিমেন্টারি পরীক্ষার

বাড়ানো হয়েছে। শিক্ষার্থীদের অনেকেই ফরম পূরণ করতে পারেনি বলে আবেদন করেছে।
বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, এই বর্ধিত সময়ের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে শিক্ষার্থীদের ফরম পূরণের কাজ সম্পন্ন করতে হবে।
এর আগে, ৫ থেকে ৯ নভেম্বর পর্যন্ত সাপ্লিমেন্টারি পরীক্ষার ফরম পূরণের শেষ সময় ছিল।
বাংলাদেশে এ বছরই প্রথমবারের মতো এইচএসসিতে এক বা দুই বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীদের ফলাফল ঘোষণার একমাসের মধ্যে সাপ্লিমেন্টারি পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে।
এর আগে, এই পরীক্ষা দিতে এক বছর পর্যন্ত অর্থাৎ পরের বছর এইচএসসি পরীক্ষার জন্য অপেক্ষা করতে হতো পরীক্ষার্থীদের।

'ডি জি আই এক্স' এবং

যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, জাপান ও চীনসহ বিভিন্ন দেশের আন্তর্জাতিক ক্রেতা ও সোর্সিং প্রতিনিধিদল অংশগ্রহণ করছে।
উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাণিজ্য, শিল্প এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির, এমপি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব শরফ উদ্দিন আহমেদ চৌধুরী এবং স্বাগত বক্তব্য দেন রপ্তানি উন্নয়ন ব্যুরোর ভাইস-চেয়ারম্যান ও প্রধান নির্বাহী মোহাম্মদ হাসান আরিফ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি মোঃ খালেদ হোসেন মাহবুব, এমপি এবং এফবিসিসিআইয়ের প্রশাসক মোঃ ফজলুল হক।
উদ্বোধনের পর প্রধান অতিথি ও আমন্ত্রিত অতিথিরা ড্যাফোডিল প্যাভিলিয়ন পরিদর্শন করেন। এ সময় তাঁদের ড্যাফোডিলের প্রযুক্তিগত উদ্ভাবন, যাচাইকৃত সফটওয়্যার সেবা এবং স্থানীয় পর্যায়ে ইলেকট্রনিক্স উৎপাদন সক্ষমতা সম্পর্কে অবহিত করা হয়।
ড্যাফোডিল গ্লোবাল ইনোভেশন এক্সচেঞ্জ (ডি জি আই এক্স) ড্যাফোডিল গ্রুপের ১৯৯০ সাল থেকে আইসিটি ও শিক্ষা খাতে অর্জিত অভিজ্ঞতার ভিত্তিতে গড়ে ওঠা একটি আন্তর্জাতিক টেকনোলজি ও ইনোভেশন মার্কেটপ্লেস। এর মাধ্যমে প্রাথমিকভাবে যুক্তরাষ্ট্র ও জিসিসি অঞ্চলের প্রতিষ্ঠানগুলোকে বাংলাদেশের প্রযুক্তি সেবার সঙ্গে যুক্ত করা হচ্ছে। আন্তর্জাতিক সফটওয়্যার সোর্সিংয়ের ঝুঁকি কমাতে ডি জি আই এক্সের 'ড্যাফোডিল ভেরিফায়েড' প্রক্রিয়ায় গুণগত মান, ডেলিভারি সক্ষমতা, নিরাপত্তা, গোপনীয়তা, আইনি মালিকানা ও ধারাবাহিকতার ভিত্তিতে ১০০ নম্বরের যাচাইকরণ শেষে পণ্য ও সেবা তালিকাভুক্ত করা হয়। এআই-চালিত শর্টলিস্টিং ও অভিজ্ঞ পরামর্শকদের সরাসরি যাচাইয়ের মাধ্যমে প্রতিষ্ঠানটি এন্টারপ্রাইজ সফটওয়্যার, এআই অটোমেশন, এজেন্টিক ওয়ার্কফ্লো এবং পেশাদার আইটি সেবা আন্তর্জাতিক বাজারে উপস্থাপন করছে।
অন্যদিকে, ড্যাফোডিল কম্পিউটার্স পিএলসি (ডিসিএল) গাজীপুরের কালিয়াকৈর হাই-টেক সিটিতে অবস্থিত আধুনিক কারখানার মাধ্যমে প্রোটোটাইপ ও পাইলট রান থেকে শুরু করে বৃহৎ পরিসরে ইলেকট্রনিক্স পণ্য উৎপাদনের সক্ষমতা তুলে ধরছে। প্রতি ফ্লোর ২০ হাজার বর্গফুট আয়তনের এ কারখানায় এসএমটি, পিসিবিএ, ইএমএস, ওইএম ও ওডিএম ম্যানুফ্যাকচারিংয়ের পাশাপাশি পিসিবি ইঞ্জিনিয়ারিং ও ডিএফএম, কম্পোনেন্ট সোর্সিং, এসকেডি/সিকেডি অ্যাসেম্বলি এবং প্রোডাক্ট টেস্টিং সেবা প্রদানের সক্ষমতা রয়েছে। প্যানাসনিক এনপিএম-ডব্লিউ২ হাই-প্রিসিশন পিক অ্যান্ড প্লেস মেশিন, নাইট্রোজেন-অ্যাসিস্টেড রিফ্লো সোল্ডারিং এবং অ্যাডভান্সড এক্স-রে পিসিবি ইন্সপেকশন প্রযুক্তিসমৃদ্ধ এ কারখানার মাধ্যমে কম্পিউটিং ও আইসিটি, পাওয়ার ইলেকট্রনিক্স, লাইটিং, অটোমোটিভ, সিকিউরিটি ও সার্ভেইল্যান্স এবং কনজিউমার ইলেকট্রনিক্স খাতের দেশি-বিদেশি ব্র্যান্ডকে সেবা দেওয়া হচ্ছে।
প্রদর্শনীর প্রথম দিনের কার্যক্রমের মধ্য দিয়ে ড্যাফোডিলের প্রযুক্তি সেবা ও ইলেকট্রনিক্স উৎপাদন সক্ষমতা আন্তর্জাতিক ব্যবসায়িক পরিমণ্ডলে তুলে ধরার পাশাপাশি সম্ভাব্য ক্রেতা ও সোর্সিং পার্টনারদের সঙ্গে যোগাযোগের সুযোগ তৈরি হয়েছে। প্রদর্শনীর ১৬ ও ১৭ নভেম্বর প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ড্যাফোডিল প্যাভিলিয়নে বি-টু-বি আলোচনা ও প্রযুক্তি প্রদর্শনী অব্যাহত থাকবে।

তথ্যের অখণ্ডতা রক্ষা

ছড়িয়ে পড়ার সুযোগ সৃষ্টি করে। অপতথ্যের বিস্তার রোধে তথ্য অধিকার আইন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তিনি বলেন, তথ্যের অখণ্ডতা রক্ষা করা বর্তমান ডিজিটাল যুগের অন্যতম গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ। সামাজিক যোগাযোগমাধ্যম ও ডিজিটাল প্ল্যাটফর্মের দ্রুত বিস্তারের ফলে মুহূর্তের মধ্যে বিপুল পরিমাণ তথ্য ছড়িয়ে পড়ছে। এর মধ্যে সত্য, মিথ্যা, বিভ্রান্তিকর ও উদ্দেশ্যপ্রণোদিত তথ্যের পার্থক্য নিরূপণ করা সাধারণ মানুষের জন্য অনেক সময় কঠিন হয়ে পড়ে। ফলে ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রীয় পর্যায়ে নানা ধরনের বিভ্রান্তি ও নেতিবাচক প্রভাব সৃষ্টি হতে পারে।
প্রধান তথ্য কমিশনার বলেন, তথ্য অধিকারই মানবাধিকার। জনগণের ক্ষমতায়নের একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। সরকারি কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করা এবং সুশাসন প্রতিষ্ঠায় তথ্য অধিকার আইন, ২০০৯-এর কার্যকর বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। জনগণের তথ্য পাওয়ার অধিকার নিশ্চিত করতে সরকারি কর্মকর্তাদের আন্তরিকতা, দায়িত্বশীলতা ও ইতিবাচক মনোভাব নিয়ে কাজ করতে হবে। অপতথ্য মোকাবিলায় জনগণের মধ্যে তথ্য সচেতনতা বাড়াতে হবে। একই সঙ্গে সরকারি প্রতিষ্ঠানগুলোকে স্বপ্রণোদিত তথ্য প্রকাশের ওপর গুরুত্ব দিতে হবে, যাতে নাগরিকেরা সহজেই নির্ভরযোগ্য ও সঠিক তথ্য পেতে পারেন।
এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দৈনিক সংবাদের নির্বাহী সম্পাদক শাহরিয়ার করিম, দেশ রুপান্তরের সম্পাদক মুস্তাফিজ শফি এবং গণমাধ্যম সংস্কার কমিশনের সাবেক সদস্য জিমি আমির। সম্মেলনে তথ্যের অখণ্ডতা রক্ষা, অপতথ্য ও বিভ্রান্তিকর তথ্যের বিস্তার প্রতিরোধ এবং এ বিষয়ে বিভিন্ন অংশীজনের করণীয় নিয়ে আলোচনা করা হয়।

জাতীয় ও আন্তর্জাতিক আসরে

আগামী ২৭ নভেম্বর ব্রাদার্স ব্ল্যাক মাঠে মুক্তিযোদ্ধা সাদেক হোসেন খোকা স্মৃতি ফাইট নাইট আয়োজনের সিদ্ধান্ত হয়। এছাড়া ২২ ও ২৩ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান জাতীয় মার্শাল আর্ট চ্যাম্পিয়নশিপ-২০২৬ আয়োজনের সিদ্ধান্ত নেয়া হয়।
পাশাপাশি আগামী ২ থেকে ৮ ডিসেম্বর তুরস্কে অনুষ্ঠিতব্য এঅগওঅ ডড়ৎষফ ঈযধসঢ়রড়হংযরঢ়-এ বাংলাদেশের প্রতিনিধি দল অংশগ্রহণের বিষয়েও সিদ্ধান্ত হয়।
সভাপতির বক্তব্যে ইশরাক হোসেন বলেন, মার্শাল আর্ট যুবসমাজকে নৈতিক অবক্ষয় ও মাদকের ভয়াবহতা থেকে রক্ষা করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। নারীদের মার্শাল আর্ট প্রশিক্ষণের মাধ্যমে আত্মরক্ষায় সক্ষম করে তোলা এবং ধর্ষণসহ বিভিন্ন সহিংসতা প্রতিরোধে সচেতনতা ও সক্ষমতা বাড়ানো সম্ভব।
সাধারণ সম্পাদক মাহফুজ হাসান বলেন, উপজেলা পর্যায়ে মার্শাল আর্টের কার্যক্রম ছড়িয়ে দিতে হবে। এর মাধ্যমে দেশের সব পর্যায়ের যুবক ও তরুণদের সম্পৃক্ত করে একটি সুস্থ, শৃঙ্খলাবদ্ধ ও মাদকমুক্ত প্রজন্ম গড়ে তোলার উদ্যোগ নিতে হবে।
সভায় গৃহীত সিদ্ধান্তগুলো বাস্তবায়নের মাধ্যমে দেশে মার্শাল আর্টের চর্চা ও প্রসারে নতুন গতি সঞ্চার হবে বলে আশাবাদ ব্যক্ত করেন সংশ্লিষ্টরা।

আন্তর্জাতিক বাজারে টিকতে কমপ্লায়েন্স

আরও জোরদার করার আহ্বান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির।
তিনি বলেন, আন্তর্জাতিক ক্রেতাদের চাহিদা প্রতিনিয়ত পরিবর্তিত হচ্ছে। পাশাপাশি নতুন বাণিজ্যিক ও পরিবেশগত মানদণ্ডও যুক্ত হচ্ছে।
এসব শর্ত পূরণে শিল্পকারখানাগুলোকে এখন থেকেই প্রস্তুতি নিতে হবে। কমপ্লায়েন্সকে শুধু নিয়ম পালনের বিষয় হিসেবে নয়, বরং আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতায় টিকে থাকার কৌশল হিসেবে দেখতে হবে। রোববার (১৫ নভেম্বর) রাজধানীর একটি হোটেলে 'স্কিলস ফর সেলফ-মনিটরিং অ্যান্ড কমপ্লায়েন্স উইথ ক্লিন অ্যান্ড ফেয়ার প্রোডাকশন ইন দ্য টেক্সটাইল অ্যান্ড গার্মেন্ট ইন্ডাস্ট্রি' (এসসিএআইপি) প্রকল্পের অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বাণিজ্যমন্ত্রী এসব কথা বলেন। বাণিজ্য মন্ত্রণালয় ও এসসিএআইপি যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে। এতে সহযোগিতা করে 'সাসটেইনেবিলিটি ইন টেক্সটাইল অ্যান্ড লেদার ইন্ডাস্ট্রি' (এসটিআইএলইআইআই) প্রকল্প।
বাণিজ্যমন্ত্রী বলেন, এখন পর্যন্ত অর্জিত ফলাফলগুলো আমাদের ভিত্তি মাত্র, শেষ গন্তব্য নয়। একটি কমপ্লায়েন্ট ও প্রতিযোগিতামূলক বস্ত্র খাত গড়ে তুলতে শিল্পমালিক, শ্রমিক এবং অংশীদারদের সঙ্গে নিয়ে আমাদের এই ভিত্তির ওপর দাঁড়িয়ে আরও এগিয়ে যেতে হবে।
খন্দকার আব্দুল মুক্তাদির বলেন, দেশের মোট রপ্তানি আয়ের ৮০ শতাংশের বেশি আসে বস্ত্র ও পোশাক খাত থেকে। লাখ লাখ মানুষের, বিশেষ করে নারীদের কর্মসংস্থানের পাশাপাশি দেশের শিল্প অর্থনীতিতেও এ খাত গুরুত্বপূর্ণ অবদান রাখছে। তাই এ খাতের সক্ষমতা ধরে রাখা জাতীয় অর্থনীতির জন্যও গুরুত্বপূর্ণ।
তিনি বলেন, আন্তর্জাতিক ক্রেতা ও নিয়ন্ত্রক সংস্থাগুলো এখন নিরাপদ কর্মপরিবেশ, ন্যায্য শ্রম অনুশীলন, সম্পদের দায়িত্বশীল ব্যবহার এবং সরবরাহব্যবস্থায় স্বচ্ছতা নিশ্চিত করার ওপর গুরুত্ব দিচ্ছে। বিশেষ করে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) নতুন নীতিমালা ও বিধিবিধানের সঙ্গে সামঞ্জস্য রেখে কারখানাগুলোকে সক্ষমতা অর্জন করতে হবে। এসব শর্ত পূরণে পিছিয়ে থাকলে আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতায় চ্যালেঞ্জ বাড়বে।
ব্যবসাবান্ধব পরিবেশ তৈরিতে সরকারের উদ্যোগ তুলে ধরে বাণিজ্যমন্ত্রী বলেন, নীতিগত অগ্রাধিকার নির্ধারণ, প্রশাসনিক প্রক্রিয়া সহজ করা, লজিস্টিকস ব্যয় কমানো এবং লাইসেন্স, কমপ্লায়েন্স ও বন্দরসংক্রান্ত অনুমোদন দ্রুত করার বিষয়ে সরকার কাজ করছে।
তিনি আরও বলেন, স্বল্পোন্নত দেশের (এলডিসি) তালিকা থেকে উত্তরণের প্রস্তুতির জন্য বাংলাদেশ ২০২৯ সাল পর্যন্ত যে বর্ধিত সময় পেয়েছে, তা কাজে লাগাতে হবে। এ সময়ের মধ্যে আন্তর্জাতিক বাজারে বিদ্যমান বাণিজ্য সুবিধা ধরে রাখার পাশাপাশি নতুন মানদণ্ড পূরণে শিল্প খাতকে প্রস্তুত করতে হবে।
অনুষ্ঠানে এসসিএআইপি প্রকল্পের আওতায় কারখানায় স্ব-পর্যবেক্ষণ ব্যবস্থা জোরদারের বিষয়টি গুরুত্ব পায়। এ ব্যবস্থার মাধ্যমে পানি, জ্বালানি ও রাসায়নিকের দক্ষ ব্যবহার নিশ্চিত করা সম্ভব। এতে পরিবেশদূষণ কমার পাশাপাশি উৎপাদন ও পরিচালন ব্যয়ও কমবে।
এ ছাড়া বাংলাদেশ বয়লার কোড, ডিজিটাল পরিদর্শন ব্যবস্থা, ইটিপির অনলাইন পর্যবেক্ষণ, ডিজিটাল পরিবেশগত ছাড়পত্র, ট্রেসেবিলিটি কৌশল এবং ডিজিটাল প্রোডাক্ট পাসপোর্টের উপযোগী তথ্য ব্যবস্থা গড়ে তোলার উদ্যোগ নিয়েও আলোচনা হয়।
আলোচনায় অংশগ্রহণকারীরা বলেন, নিরাপদ, পরিবেশবান্ধব ও আন্তর্জাতিক মানসম্পন্ন শিল্প খাত গড়ে তুলতে সরকারি-বেসরকারি অংশীদারত্ব অপরিহার্য। এজন্য সংশ্লিষ্ট সব পক্ষের দায়িত্ব ও জবাবদিহি নিশ্চিত করতে হবে। কমপ্লায়েন্সকে উৎপাদনশীলতা ও রপ্তানি সক্ষমতা বাড়ানোর হাতিয়ার হিসেবে কাজে লাগাতে হবে।
জার্মান ফেডারেল মিনিস্ট্রি ফর ইকোনমিক কো-অপারেশন অ্যান্ড ডেভেলপমেন্টের অর্থায়নে জার্মান উন্নয়ন সংস্থা জিআইজেডের মাধ্যমে এসসিএআইপি ও এসটিআইএলইআইআই প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। এসসিএআইপি প্রকল্পের পৃষ্ঠপোষক বাণিজ্য মন্ত্রণালয় এবং বাস্তবায়নকারী অংশীদার রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি)। এ প্রকল্প বস্ত্র খাতে নিরাপত্তা, শ্রম ও পরিবেশগত মানদণ্ড পর্যবেক্ষণে আরএমজি সাসটেইনেবিলিটি কাউন্সিলের (আরএসসি) সক্ষমতা বাড়াতে সহায়তা করছে।
অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত জার্মান রাষ্ট্রদূত ড. রুডিগার লোটজ, জিআইজেডের কান্ট্রি ডিরেক্টর মার্ক গোমবার্ট, বিভিন্ন মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা, আরএসসি, বিজিএমইএ ও বিকেএমইএর নেতা এবং শ্রমিক সংগঠন, আন্তর্জাতিক ক্রেতা ব্র্যান্ড ও উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

দেশের সব স্কুলে ভর্তি পরীক্ষা

উপসচিবকে বিবাদী করা হয়। পরে রিটকারীর আইনজীবী জাহিদ তালুকদার জানিয়েছিলেন, ২০২১ শিক্ষাবর্ষে সারা দেশের সরকারি বিদ্যালয়ে প্রথম থেকে নবম শ্রেণি পর্যন্ত ভর্তির জন্য পরীক্ষা না নিয়ে ডিজিটাল লটারির মাধ্যমে শিক্ষার্থী ভর্তির সিদ্ধান্ত নিয়েছিল সরকার।
কিন্তু ক্ষমতায় আসার পর বিএনপি সরকার লটারি পদ্ধতি বাতিল করে স্কুলগুলোতে ভর্তি পরীক্ষার সিদ্ধান্ত নেয়।
গত ১৬ মার্চ সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন এ তথ্য জানান। ওই দিনই মন্ত্রণালয়ের পক্ষ থেকে লটারি পদ্ধতি বাতিল করে প্রজ্ঞাপন জারি করা হয়। পরে সংশোধিত আরেকটি প্রজ্ঞাপনে জানানো হয়, দ্বিতীয় থেকে নবম শ্রেণি পর্যন্ত ভর্তি পরীক্ষা নেওয়া হবে। শুধু প্রথম শ্রেণিতে লটারির মাধ্যমে শিক্ষার্থী ভর্তি করা হবে।

হাজীগঞ্জে পুলিশ-জনতার

মতবিনিময় সভায় মাদকদ্রব্যের বিস্তার ও ব্যবহার, ইভটিজিং, কিশোর অপরাধ, সামাজিক অপরাধ এবং এলাকার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। মাদক ব্যবসা ও মাদকসেবন প্রতিরোধ, কিশোরদের অপরাধমূলক কর্মকাণ্ড থেকে দূরে রাখা, ইভটিজিং বন্ধ এবং জননিরাপত্তা নিশ্চিত করতে পুলিশের পাশাপাশি সাধারণ জনগণকেও সচেতন ও দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানানো হয়।
সভায় অংশগ্রহণকারীরা নিজ নিজ এলাকার বিভিন্ন সমস্যা ও অপরাধপ্রবণতার চিত্র তুলে ধরেন। পাশাপাশি অপরাধ দমনে পুলিশের তৎপরতা বৃদ্ধি, মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থাগ্রহণ এবং স্থানীয় পর্যায়ে জননিরাপত্তা নিশ্চিত করার দাবি জানান।
অতিরিক্ত পুলিশ সুপার মুকুর কুমার চাকমা ও ওসি মো. কাওসার আলম ভূঁইয়া উপস্থিত ব্যক্তিদের বক্তব্য মনোযোগ দিয়ে শোনেন এবং উত্থাপিত সমস্যাগুলো সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আশ্বাস দেন। এ সময় তাঁরা আইনশৃঙ্খলা রক্ষায় পুলিশ ও জনগণের মধ্যে পারস্পরিক সহযোগিতা, তথ্য আদান-প্রদান এবং সমন্বিত উদ্যোগের ওপর গুরুত্বারোপ করেন।
বক্তারা বলেন, একটি নিরাপদ ও অপরাধমুক্ত সমাজ গঠনে শুধু পুলিশের একার পক্ষে কাজ করা সম্ভব নয়। এ জন্য পুলিশ ও জনগণের মধ্যে সুসম্পর্ক বজায় রাখা, অপরাধ সংক্রান্ত তথ্য দিয়ে সহযোগিতা করা এবং সম্মিলিতভাবে প্রতিরোধ গড়ে তোলা জরুরি।
ওপেন হাউজ ডের মাধ্যমে স্থানীয় জনগণের সমস্যা সরাসরি শোনা, পুলিশি সেবার সঙ্গে সাধারণ মানুষের সম্পৃক্ততা বাড়ানো এবং অপরাধ প্রতিরোধে কার্যকর উদ্যোগ গ্রহণের প্রত্যাশা ব্যক্ত করা হয়।

কচুয়ায় বসতঘরে হামলা-মারধর

মোছা. নূরজাহান (৪৫), মোছা. লিপি (২৮) ও মোছা. রুবি (২২)। তাঁরা সবাই একই গ্রামের বাসিন্দা।
মামলা সূত্রে জানা যায়, দীর্ঘ ১৭ বছর প্রবাসে থেকে জীবিকা নির্বাহ করেছেন। একই বাড়িতে বসবাসের সুবাদে আসামিদের সঙ্গে দীর্ঘদিন ধরে জায়গা-জমি নিয়ে বিরোধ চলে আসছিল। এ বিরোধের জেরে গত ২৭ অক্টোবর ২০২৬ তারিখে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে ১৩৯৭/২০২৬ নম্বরে একটি মামলা দায়ের করা হয়। পরবর্তী সময়ে সহকারী কমিশনার (ভূমি), কচুয়ার নির্দেশে সংশ্লিষ্ট তহশিলদার ঘটনাস্থল সরেজমিনে তদন্ত করেন। তদন্ত শেষে তিনি চলে যাওয়ার পর পূর্বপরিকল্পিতভাবে আসামিরা তাঁদের ওপর হামলা চালান বলে অভিযোগ করা হয়েছে।
মামলার অভিযোগে আরও বলা হয়, ঘটনার সময় ১নং আসামি জাকির হোসেন ইট দিয়ে বাদী মীর হোসেনের মাথায় আঘাত করার চেষ্টা করেন। বাদী হাত দিয়ে তা প্রতিহত করতে গেলে তাঁর বাম হাতের কনুইয়ের নিচে গুরুতর জখম হয়। এ ছাড়া ২ নম্বর আসামি তাঁকে বুকে, পিঠে ও কোমরে আঘাত করেন। তাঁর চিৎকার শুনে পরিবারের সদস্য ও স্বাক্ষীরা এগিয়ে এলে তাঁদের ওপরও হামলা চালানো হয়।
হামলায় ১নং স্বাক্ষীর মাথায় ধারালো অস্ত্র দিয়ে আঘাত করা হয়। এতে তিনি রক্তাক্ত জখম হন এবং চিকিৎসা নিতে গিয়ে মাথায় তিনটি সেলাই দিতে হয়। ২নং স্বাক্ষীকে কিল-ঘুষি মেরে মাটিতে ফেলে চোখের ক্ষতি করার চেষ্টা করা হয়। এ সময় তাঁর গলায় থাকা আট আনা ওজনের স্বর্ণের চেইন ছিনিয়ে নেওয়ার অভিযোগও করা হয়েছে। অন্য দুই স্বাক্ষীর ওপরও হামলা চালানো হয়। তাঁদের মধ্যে নবম শ্রেণির এক শিক্ষার্থীর ডান হাতের বৃদ্ধাঙ্গুল থেঁতলে দেয়া হয় বলে অভিযোগে উল্লেখ রয়েছে। বর্তমানে আহতরা চিকিৎসাধীন রয়েছেন।
বাদী অভিযোগ করেন, হামলার ঘটনায় আহত হয়ে তাঁরা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন থাকার সুযোগে আসামিরা তাঁর বসতঘরে প্রবেশ করেন। এ সময় ঘরের আলমারিতে রাখা প্রায় ৬ থেকে ৭ ভরি স্বর্ণালংকার ও নগদ ৭০ হাজার টাকা লুট করে নিয়ে যান। এ ছাড়া মামলা দায়ের কিংবা আদালতে সাক্ষ্য দিলে প্রাণনাশের হুমকি দেওয়া হচ্ছে বলেও এজাহারে উল্লেখ করা হয়েছে।
বাদী মীর হোসেন জানান, আমাদের বাড়ির এই পথ দিয়ে দীর্ঘ ৫০ বছর যাবৎ আমরা চলাচল করে আসছি। কিন্তু কিছুদিন পূর্বে চলাচলের রাস্তাটি বিক্রি করার পরিকল্পনা করে বিবাদীরা। বাড়ির পথ বন্ধ করার অপচেষ্টার কারণে বাধ্য হয়ে আমরা আদালতের শরণাপন্ন হই এবং আদালত থেকে ১৪৪ ধারা জারি করা হয়। আদেশ জারির পর থেকেই তাদের সাথে আমাদের বিরোধ আরও তীব্র হয়। মূলত এই বিরোধের জের ধরেই আমার বসতঘরে হামলা, ভাঙচুর ও লুটপাট চালানো হয়েছে। তিনি মামলার সব আসামির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ ও গ্রেপ্তারি পরোয়ানা জারির মাধ্যমে ন্যায়বিচার কামনা করেন।
এ বিষয়ে অভিযুক্তদের বক্তব্য জানতে ১ নম্বর আসামি জাকির হোসেনের বাড়িতে গিয়ে তাঁকে পাওয়া যায়নি। পরবর্তীতে ব্যবহৃত মুঠোফোন (০১৭১৬৪) নম্বরে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও ফোনটি বন্ধ পাওয়া যায়। ফলে এ বিষয়ে তাঁর বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।

ভারতের চাওয়া অনুযায়ী হাসিনার

বলা হয় 'ডি নোভো ট্রায়াল', মানে আরেকবার বিচার। এই ডি নোভো ট্রায়াল বাংলাদেশে ছিল, ইন্ডিয়াতেও ছিল, পাকিস্তানেও ছিল। পরে তিন দেশের জুরিসডিকশনে ডি নোভো ট্রায়াল বাতিল করে দিয়েছে।
তিনি বলেন, এখন যে দেশে (ভারত) তারা এটা চর্চা করেন না, আরেক দেশকে তারা ডি নোভো ট্রায়ালের জন্য অ্যাডভাইস করেন। সো, আমাদের এখানে ডি নোভো ট্রায়ালের কোনো প্রসিডিউর নেই। আছে আপিলের প্রভিশন। ভারত সরকার যে অ্যাডভাইস করছেন এখন, সেই ভারত তো এই মামলা ট্রায়াল প্রসিডিংসের শুরু থেকেই জানে সবকিছু। তাদের আশ্রয়-প্রশ্রয়ে আসামি আছেন। তো তখন তাদের এই অতিথিকে কেন অ্যাডভাইস করলেন না যে আপনি বাংলাদেশে যান, গিয়ে আপনি বিচারটা মোকাবিলা করেন। কেন বললেন না যে আপনি ইন টাইম গিয়ে আপিল করেন। তা না করে আপিলের সময় পার করলেন, বিচারের সময় পার করলেন, এখন এসে আবার আমাদেরকে অ্যাডভাইস করছেন যে আপনি ডি নোভো ট্রায়াল করেন, অর্থাৎ পুনর্বিচার করেন। এই জাতীয় উদ্ভট বক্তব্য আমরা প্রত্যাখ্যান করি। একই বিষয়ে দ্বিতীয়বার বিচার করার আইনগত কোনো সুযোগ নেই।
ভারতের চাওয়ার মতো হাসিনার আপিল করার সুযোগ আছে কি না জানতে চাইলে চিফ প্রসিকিউটর বলেন, আপিলের সুয